উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

২০ অগ্রহায়ণ ১৪৩১ শুক্রবার ৪.০০ টাকা 6 December 2024 Friday 14 Pages Rs. 4.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 45 Issue No. 197 MLD



আজ টেস্ট শুরু, নজরে বুমরাহ

▸▸ তেরোর পাতায়



অনাস্থায় হার প্রধানমন্ত্রীর, চাপে মাক্রোঁ

▸▸ এগারোর পাতায়

## বাল্যবিবাহ রুখতে মহিলাদের মিছিল

সৌরভ রায় ও বিপ্লব হালদার

**কুশমণ্ডি ও তপন, ৫ ডিসেম্বর :** আর কোনও মেয়েকে শৈশব জলাঞ্জলি দিতে হবে না। আর কাউকে ঘর ছাড়তে হবে না সময়ের আগে, এই ছিল মূল ভাবনা। আর তা থেকে দক্ষিণ দিনাজপুরের গ্রামে গ্রামে মশাল, মোমবাতি জ্বালিয়ে শপথ নিলেন মহিলারা।

বুধবার রাতে তপনের চণ্ডীপুর গ্রাম পঞ্চায়েতের আদিবাসী অধ্যুষিত এলাকা কাজিভাগ গ্রামে এলাকার গৃহবধূ ও কিশোরীদের নিয়ে মশালমিছিল বের করা হয়। মিছিলটি কাজিভাগ গ্রাম সহ আশপাশের এলাকায় পরিক্রমা করে বাল্যবিবাহ মুক্ত গ্রাম গড়ে তোলার

### একজোট্টা তিন গ্রামের নারীবাহিনী



*খারুয়া গ্রামে মহিলাদের শপথ।*

বার্তা দেন। সেই সঙ্গে শপথ পাঠ করেন। পাশাপাশি গ্রামের বধূদের নিয়ে হাঁড়িভাঙা প্রতিযোগিতার আয়োজন করা হয়। সেই বাল্যবিবাহের ক্ষতিকর দিক তুলে ধরেন শক্তি বাহিনীর কর্মকর্তারা। ওই আলোচনা সভায় বাল্যবিবাহ প্রতিরোধের পন্থা, এর সামাজিক প্রভাব, এবং কিশোরীদের শিক্ষার অপরিসীম গুরুত্বের কথা তুলে ধরা হয়।

রাস্তায় আগুন জ্বেলে প্রথমে মিছিল, পরে মোমবাতি জ্বেলে বাল্যবিবাহ মুক্ত গ্রাম তৈরির শপথ গ্রহণ করা হল হরিরামপুর ও কুশমণ্ডিতে। মেয়েদের রক্ষা করতে এগিয়ে এলেন মহিলারাই।

সম্প্রতি হরিরামপুরের খারুয়া গ্রামের শতাধিক মহিলা এই কর্মসূচিতে *এরপর বারোর পাতায়*

# প্রাণ বাঁচাতে কাঁটাতার পেরিয়ে ভারতে নাবালক

অস্থির বাংলাদেশ

বিশ্বজিৎ সরকার

**হেমতাবাদ, ৫ ডিসেম্বর :** খানিকটা যেন বজরঙ্গি ভাইজান সিনেমার মুন্নির গল্পের সঙ্গে মিল আছে একেবারে হাতেগরম সত্যি এই ঘটনার। তবে এক্ষেত্রে মূল চরিত্র একজন আট বছরের বালক। রিল আর রিয়েল লাইফের এমন আশ্চর্য মিল যে-কোনও সিনেমার চিত্রনাট্যকেও হার মানাবে।

কাঁটাতার টপকে ভারতে প্রবেশ করার সময় আট বছরের নাবালককে গ্রেপ্তার করল বিএসএফ। বৃহস্পতিবার সকালে ওই নাবালককে হেমতাবাদ থানার পুলিশের হাতে তুলে দেন ৬৩ নম্বর ব্যাটালিয়নের আধিকারিক। বৃহস্পতিবার বিকেলে তাকে কর্ণজোড়ার জুভেনাইল জাস্টিস বোর্ডে তোলা হলে বিচারক হোমে রাখার নির্দেশ দেন।

বিএসএফ জানিয়েছে, ওই নাবালকের বাড়ি বাংলাদেশের ঠাকুরগাঁও জেলার পিরগঞ্জ থানার বেলদহি গ্রামে। ৮ বছরের ওই নাবালকের চেহারা শ্যামবর্ণ, চোখে মুখে আতঙ্কের ছাপ, পরনে কালো প্যান্ট ও উলের জ্যাকেট। এদিন সকালে বিএসএফের আধিকারিকেরা ওই নাবালককে আটক করে হেমতাবাদ থানায় নিয়ে আসলে পুলিশ প্রথমে তাকে নিতে অস্বীকার করে। পুলিশ আধিকারিকদের প্রস্তাব ছিল, ওই নাবালককে ফ্ল্যাগ মার্চের মাধ্যমে পুশব্যাক করে দেওয়া হোক। কিন্তু বিএসএফের সাফ জবাব, ওই নাবালকের নিরাপত্তার স্বার্থে হেমতাবাদ থানার মাধ্যমে হোমে রাখার ব্যবস্থা করা হোক। সবটাই করা হোক আইনি প্রক্রিয়ার মাধ্যমে। এরপর পুলিশ বাধ্য হয়ে ফরেন অ্যাক্টে মামলা রুজু করে জুভিনাইল জাস্টিস বোর্ডে পাঠায়।

ওই নাবালকের বক্তব্য, 'বাংলাদেশে শুধু হিন্দু সম্প্রদায়ের উপর নয়, মুসলিম সম্প্রদায়ের ওপরেও হামলা চালাচ্ছে দুষ্কৃতীরা। আমার বাবা হাসিনার দল করত, সেটাই আমার বাবার অপরাধ। বাবাকে খুঁজে বেড়াচ্ছিল দুষ্কৃতীরা। এরপর যে যার মতো বাড়ি থেকে পালিয়ে বেরিয়ে যাই। আমার বাবা দশদিন ধরে ফুপুর বাড়িতে আশ্রয় নিয়ে আছে। পুলিশের কাছে অভিযোগ করতে গেলে পুলিশ উলটে মামলা দিয়ে দিচ্ছে। সেই কারণেই গতকাল সকালে ঠিক করি, আমি ভারতে গিয়ে থাকব। আমার মাও বলেছে, ভাইবোনদের নিয়ে ভারতের বিএসএফের হাতে ধরা দিয়ে নিরাপদ আশ্রয়ে থাকবে।'

বিএসএফের আধিকারিক সুনীল কুমার বলেন, 'গতকাল হেমতাবাদের বামর বিওপি থেকে ওই বাংলাদেশি নাবালককে উদ্ধারের পর জিজ্ঞাসাবাদ করে আমরা জানতে পারি, বাংলাদেশের ভয়ংকর পরিস্থিতি নির্দিষ্ট কোনও জাতি নয়, হিন্দু, মুসলিম প্রত্যেকেই আক্রান্ত ও আতঙ্কগ্রস্ত। সেই কারণেই আমরা পুশব্যাক না করিয়ে হেমতাবাদ থানার মাধ্যমে তাকে হোমে পাঠানোর ব্যবস্থা করি।'

হেমতাবাদ থানার আইসি সুজিত লামা বলেন, 'বিএসএফের তরফ থেকে একজন বাংলাদেশি নাবালককে আমাদের হাতে তুলে দেওয়া হয়। আমরা নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে জুভেনাইল জাস্টিস বোর্ডে পাঠানোর ব্যবস্থা করেছি।'




## উত্তরের খোঁজে

## মাখনা বিপ্লবে বিহার জাগে, বাংলা শুধু ঘুমায়ে রয়

রূপায়ণ ভট্টাচার্য



পদ্মপাতার ওপর সাতসকালের রোদ ও শিশিরবিন্দু পড়ে থাকলে যে মায়া ছড়ায়, তা ব্যাখ্যা করার উপযুক্ত ভাষা থাকে না সব সময়। অপলকে তাকিয়ে থাকতে হয় শুধু।

ট্রেনে কোচবিহার থেকে কলকাতা যাওয়ার সময় বারসই থেকে চোখ খোলা রাখুন। রেললাইনের দু'পাশে নয়ানজুলিতে দেখবেন এরকম প্রচুর 'পদ্মপাতা'। একলাখি স্টেশনের আগে মহানন্দা নদীর পাশের জায়গাটুকু পর্যন্ত দৃশ্যমান ওরকম শিশির ও সবুজ মাখামাখি পাতায় পাতায়।

বলে নিই আগে। ও সব পদ্মপাতা নয় আদৌ। মাখনা চাষ চলছে আদতে। দক্ষিণ মালদার এই অংশে মাখনার মহাবিপ্লব চলছে অনেকদিন। নয়াদিল্লি, মুম্বই, কলকাতা, বেঙ্গালুরু, শিলিগুড়ির শপিং মলে যে মাখনার চটকদার প্যাকেট দেখতে পান, তার অনেকটাই দক্ষিণ মালদার এই অঞ্চল থেকে যাওয়া। ইউরোপ-আমেরিকাতেও মাখনার মসৃণ যাতায়াত।

ওই তথ্যের পাশাপাশি একটা প্রশ্ন কুইজে ব্যবহার করা যায়। আমাদের উত্তরবঙ্গের বহু পরিযায়ী শ্রমিক ভিনরাজ্যে চলে যান বলে আমরা হাহাকার করি, প্রশ্ন তুলি বারবার। কথা ওঠে, আমাদের এখানে কাজ নেই, বেশি মজুরি নেই বলেই কৃষক-মজুররা বাধ্য অন্য রাজ্যে চলে যেতে। এমন প্রেক্ষাপটে প্রশ্ন উঠবে, আমাদের উত্তরবঙ্গে *এরপর বারোর পাতায়*

### হাসিনার বক্তব্য প্রচারে নিষেধাজ্ঞা ইউনূস সরকারের

# ভারতে শান্তিসেনা পাঠানোর নিদান

অস্থির বাংলাদেশ

এএইচ ঋদ্ধিমান

**ঢাকা, ৫ ডিসেম্বর :** পালাবদল ঘটলেও বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের গলার কাঁটা এখনও প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাই যেনতেনপ্রকারেণ মুজিব-কন্যাকে বাংলাদেশের সাধারণ মানুষের কাছে ব্ল্যাকআউট করে দিতে মরিয়া হয়ে উঠেছে ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার।

হাসিনার বিরুদ্ধে আগেই গ্রেপ্তারি পরোয়ানা এবং রেড নোটিশ জারি হয়েছিল। এবার শেখ হাসিনার বক্তব্য সম্প্রচারের ক্ষেত্রেও কঠোর নিষেধাজ্ঞা জারি করা হল বাংলাদেশে।

বৃহস্পতিবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইবিউনাল নির্দেশ দিয়েছে, 'শেখ হাসিনার বিদ্বেষমূলক বক্তব্যগুলি যেন ফেসবুক, এক্স, ইউটিউবের মতো সামাজিক মাধ্যমে প্রচারিত না হয়।' আগে যে সমস্ত বক্তব্য প্রচারিত হয়েছে, সেগুলিও দ্রুত সরিয়ে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এদিন সরকারপক্ষের এক আবেদনের শুনানি শেষে এই নির্দেশ দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবিউনাল। সরকারকে দ্রুত নির্দেশগুলি কার্যকর করতে বলা হয়েছে।

হাসিনাকে নিশানা করার পাশাপাশি ভারতবিরোধী প্রচারের সুরও ক্রমশ তীব্র হচ্ছে বাংলাদেশে। বৃহস্পতিবার অন্তর্বর্তী সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অবসরপ্রাপ্ত) জাহাঙ্গির আলম চৌধুরী বলেছেন, 'আন্তর্জাতিক শান্তিরক্ষা বাহিনী বাংলাদেশেরবদলেভারতেইপাঠানো উচিত।' পশ্চিমবঙ্গের বেলঘড়িয়ার এক তরুণকে বাংলাদেশে ব্যাপক মারধর করা হয়েছিল। ওই ঘটনার তীব্র নিন্দা করতে গিয়ে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অশান্ত বাংলাদেশে রাষ্ট্রসংঘের শান্তিরক্ষা বাহিনী পাঠানো উচিত বলে মন্তব্য করেছিলেন। তাঁর সেই মন্তব্যেরই এবার জবাব দিল বাংলাদেশ । স্বরাষ্ট্র উপদেষ্টার সাফ কথা, 'ভারতে সংখ্যালঘু নির্যাতন হচ্ছে। সেইজন্য বোধহয় *এরপর বারোর পাতায়*



*শঙ্খধ্বনিতে সন্ন্যাসীর প্রতিবাদ। বৃহস্পতিবার। কলকাতায়। - এএফপি*

# মানচিত্র থেকে মুছে যাওয়ার শঙ্কা ভূতনির গ্রামে

### রিংবাঁধ থেকে ব্রাত্য কালুটোনটোলা

আজাদ

**মানিকচক, ৫ ডিসেম্বর :** ভাঙনে ভিটেহারাদের কাছে বড় স্বপ্ন, রিংবাঁধ হচ্ছে। কিন্তু সেই স্বপ্ন যে শুধুই স্বপ্ন হয়ে থেকে যাবে, তা জানেন ভূতনির কালুটোনটোলার বীরবল মাহাতো, অঙ্গদ মাহাতোরা। এখন বাড়ির দরজায় দাঁড়িয়ে গঙ্গা। বাঁধের অধিকাংশই গিলে ফেলেছে। বর্ষা আসলে বাকিটুকুও চলে যাবে। গ্রামবাসীর আশঙ্কা, এক-দুবছরে মানচিত্র থেকে নিশ্চিহ্ন হয়ে যাবে কালুটোনটোলা।

গত দুই বছরের ভাঙনে কালুটোনটোলার ২০০ থেকে ২৫০ মিটার বাঁধের কোনও অস্তিত্ব নাই। সম্পূর্ণ বাঁধহীন দশা। বর্তমানে গ্রামটির অবস্থান নদীখাতের একেবারে পাশে। বাঁধ না থাকায় বন্যা তো দূরের কথা, শুধুমাত্র গঙ্গার জল বাড়লেই প্লাবিত হবে কালুটোনটোলার সাধারণ মানুষ। কথা ছিল, ভাঙনগ্রস্ত কালুটোনটোলার বাঁধ মেরামতির কাজ করবে সেচ দপ্তর। তবে বর্তমানে শুখা মরশুমে বাঁধ মেরামতির কাজ না করে চলছে শুধু পরিদর্শন। মাত্র ছয়মাস পর বর্ষাকাল। আর ভাঙনের মরশুম শুরু হলেই আবার তাণ্ডব চালাবে গঙ্গা। গত দুবছরে যে ভয়াবহ গতিতে ভাঙন চালিয়েছে গঙ্গা, তা অব্যাহত থাকলে আগামী দু-এক বছরের মধ্যেই পুরো কালুটোনটোলা গ্রামটাই গঙ্গাগর্ভে তলিয়ে যাওয়ার আশঙ্কা করছেন অনেকে। *এরপর বারোর পাতায়*

**আশঙ্কা**

- ভূতনির অসংরক্ষিত এলাকার কুড়িটিরও বেশি গ্রাম গঙ্গাগর্ভে তলিয়ে গিয়েছে
- দুই বছরের ভাঙনে কালুটোনটোলার ২০০ থেকে ২৫০ মিটার বাঁধের কোনও অস্তিত্ব নেই
- এক-দু'বছরে মানচিত্র থেকে নিশ্চিহ্ন হয়ে যাবে কালুটোনটোলা। এমনই আশঙ্কা গ্রামবাসীর

## 'নিরক্ষর' প্রৌঢ়ের সঙ্গে প্রতারণা ভাইপোর

দীপঙ্কর মিত্র

**রায়গঞ্জ, ৫ ডিসেম্বর :** বিক্রি করেছিলেন দেড় বিঘা জমি। কিন্তু রেভিনিউ স্ট্যাম্পে লেখা আছে ১১ বিঘা জমি বিক্রির তথ্য। যা দেখে মাথায় হাত উত্তর দিনাজপুর জেলার গোয়ালপোখর ব্লকের সিন্ধু গ্রামের প্রৌঢ় শেখ ভসমের। এমন ঘটনা কীভাবে হল কিছুতেই বুঝতে পারছেন না তিনিই। এই ঘটনা জানতে পেরে হস্তক্ষেপ করেন জেলা পরিষদের সহকারী সভাধিপতি গোলাম রসুল সহ দুই কর্মাধ্যক্ষ।

শেখ ভসম নিরক্ষর। আর সেজন্যই যে তিনি প্রতারিত হয়েছেন তা বুঝতে পেরে সরাসরি জেলা পরিষদের সহকারী সভাধিপতি গোলাম রসুলের সঙ্গে যোগাযোগ করেন। সব শোনার পর হতবাক সহকারী সভাধিপতি। জমির মালিককে সঙ্গে নিয়ে গোলাম রসুল হাজির হন রায়গঞ্জের কর্ণজোড়ায় অবস্থিত জেলা রেজিস্ট্রি অফিসে। তিনি কথা বলেন আধিকারিকদের সঙ্গে।

শেখ ভসম বলেন, 'আমি দেড় বিঘা জমি বিক্রি করেছিলাম। কিন্তু আমাকে ভুল বুঝিয়ে টিপ সই করিয়ে নেওয়া হয়।' পুরো বিষয়টি নিয়ে ভাইপো সেলিমের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন শেখ ভসম। জমি ফেরত চান তিনি। তাঁর আশঙ্কা, 'না হলে পরিবার নিয়ে পথে বসতে হবে আমাকে।'

এই ঘটনায় কড়া প্রতিক্রিয়া সহকারী সভাধিপতি গোলাম রসুলের। তিনি বলেন, 'ভুল বুঝিয়ে এই অসহায় মানুষটিকে প্রতারিত করা হয়েছে। জেলা শাসক এইক্ষেত্রে যথেষ্ট সহযোগিতা করেছেন।'

কৃষকসভার নেতা সুরজিত কর্মকার বলেন, 'জেলাজুড়ে একাধিক চক্র কাজ করছে। এদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা না নিলে কৃষকেরা প্রতারিত হবে।'






# মৃত্যুর তিনদিন পরেও ফিরছে না পরিযায়ীর দেহ

**পুরাতন মালদা, ৫ ডিসেম্বর :** ভিনদেশে পরিযায়ীর মৃত্যুর তিনদিন পেরিয়ে গেলেও মিলছে না দেহ। স্বভাবিকভাবেই, চিন্তিত পরিবার। কারণ হিসেবে উঠে আসছে নথি সংক্রান্ত সমস্যা।

মৃতের বড় দিদি তারজিনা বিবি বলেন, 'কর্মরত অবস্থায় সে মারা গিয়েছে দুবাইতে। কাগজপত্রের আইনি জটিলতার কারণে মৃতদেহ ফিরে পাচ্ছি না। আমরা কোর্টের মাধ্যমে কাগজপত্র ঠিক করেছি। আশা করি মৃতদেহ ফিরে পাব।' মৃতের স্ত্রী রোজিনা বিবি বলেন, 'সোমবার সকাল ৭টায় স্বামীর সঙ্গে ফোনে কথা হয়েছিল। আগামী দু'মাসের মধ্যে সে বাড়ি আসত। আমরা প্রত্যেকেই তাঁর আসার অপেক্ষা করছিলাম কিন্তু এভাবে দুঃসংবাদ পাবো ভাবতে পারিনি।'

> সোমবার সকাল ৭টায় স্বামীর সঙ্গে ফোনে কথা হয়েছিল। আগামী দু'মাসের মধ্যে সে দুবাই থেকে বাড়ি আসত। আমরা প্রত্যেকেই তাঁর আসার অপেক্ষা করছিলাম কিন্তু এভাবে দুঃসংবাদ পাব ভাবতে পারিনি।
>
> **রোজিনা বিবি**
> মৃতের স্ত্রী

তবে সাহায্যের জন্য এগিয়ে এসেছেন পুরাতন মালদার বিডিও সেঁজুতি পালও। তিনি জানান, 'ঘটনা জানা ছিল না। তবে মৃতের পরিবারকে আমরা সবরকম সাহায্য করতে প্রস্তুত।'

সৌদি আরবে শ্রমিকের কাজে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মর্মান্তিক মৃত্যু হয় এক শ্রমিকের। মৃতের নাম রাফিজুল ইসলাম (৩২)। বাড়ি পুরাতন মালদা ব্লকের মহিষবাথানি বড়কল গ্রামে। গত দু'বছর আগে ভিনদেশে পাড়ি দিয়েছিলেন ওই তরুণ। সোমবার সকালে কর্মস্থলে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যান তিনি। মৃতের পরিবারে স্ত্রী রোজিনা বিবি, দুই ছেলে মাসুম আলি, আসিফ রেজা এবং এক মেয়ে আতিকা খাতুন রয়েছে। ওই পরিযায়ী শ্রমিকের বাবা হবি শেখ অসুস্থ। পরিবারের একমাত্র উপার্জনকারী ছিলেন রাফিজুল। ফলত, তাঁর মৃত্যুতে দিশাহীন হয়ে পড়েছেন পরিবারের সদস্যরা।

## ৫০ কিলো ধান ধলতা নেওয়ার অভিযোগ

**হরিরামপুর, ৫ ডিসেম্বর :** উলটপুরাণ। জেলাজুড়ে কিষান মান্ডিতে কৃষকরা ধান বিক্রি করছেন কুড়ি থেকে তিরিশ কুইন্টাল করে। তাও আবার সরকারি রেটে। অথচ হরিরামপুরে মিল মালিকরা একজন কৃষকের কাছ থেকে ধান কিনছেন মাত্র ১০ কুইন্টাল করে। তারমধ্যে কৃষককে দিতে হচ্ছে বাড়তি ৫০ কিলো ধান। তাও আবার বিনা পয়সায়। এরই প্রতিবাদে বৃহস্পতিবার কৃষকরা ধান বিক্রি বন্ধ করে দেন। তাঁদের সাফ কথা, সমস্যার সমাধান না হলে কিষান মান্ডিতে ধান বিক্রি করবেন না তাঁরা। কেন এমন হচ্ছে তার কোনও সদুত্তরও দিতে পারেনি প্রশাসন।

সোনাহান গ্রামের রাজ্জাক হোসেনের ক্ষোভ, 'মিল মালিক ১০ কুইন্টাল ধান কিনছে। কিন্তু কৃষককে দিতে হচ্ছে বাড়তি ৫০ কিলো ধান। সেটা ধলতা হিসেবে নিচ্ছে মিল মালিক। যার কোনও টাকা পাওয়া যাবে না। এই কারণে আজকে আমরা ধান বিক্রি বন্ধ করে দিয়েছি।'

পুন্ডরী গ্রামের মসিউর রহমানের সাফ কথা, 'এই সমস্যার সমাধান না হলে আমরা কৃষকরা বৃহত্তর আন্দোলনে যাব।' একই বক্তব্য বাগিচাপুর গ্রামের আজাদ হোসেনেরও।

পঞ্চায়েত সমিতির সভাপতি প্রেমচাঁদ নুনিয়া কোনও মন্তব্য করতে চাননি। যদিও কৃষকরা ধান বিক্রি বন্ধ করে দেওয়ার খবর পেয়ে প্রশাসনের সঙ্গে তিনিও সোনাহান কিষান মান্ডিতে যান। কৃষকরা কিষান মান্ডিতে ধান বিক্রি করতে পারেননি এই প্রসঙ্গে কিছু জানেন না বলে জানিয়েছেন ব্লকের কৃষি আধিকারিক অমলেশ ঘোষ।

হরিরামপুরের বিডিও অতি চক্রবর্তী জানান, 'কৃষকদের ধান বিক্রি করতে আজ সমস্যা হয়েছে। বিষয়টি জেলা প্রশাসনের নজরে আনা হয়েছে। আশা করি, দ্রুত সমস্যার সমাধান হবে এবং কৃষকরা ধান বিক্রি করতে পারবেন।'

## রতুয়ায় সম কাজে সম বেতন দাবি

**রতুয়া, ৫ ডিসেম্বর :** আইসিএআর নিয়ন্ত্রিত এবং আইসিএআর-এর অধীনস্থ নয়, এমন কৃষিবিজ্ঞান কেন্দ্রগুলির মধ্যে চূড়ান্ত অসাম্য ও বঞ্চনার প্রতিবাদ জানিয়ে বৃহস্পতিবার সারা দেশজুড়ে সমস্ত কেভিকেতে চার দফা দাবিতে একদিনের কর্মবিরতির ডাক দিল ন্যাশনাল ফোরাম অফ কৃষিবিজ্ঞান কেন্দ্র অ্যান্ড এআইসিআরপি ও পশ্চিমবঙ্গ কৃষিবিজ্ঞান কেন্দ্র এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন। এই দুই সংগঠনের যৌথ উদ্যোগে এদিনের কর্মবিরতির ডাক দেওয়া হয়। এদিন একই দাবিতে কর্মবিরতিতে শামিল হলেন রতুয়ার মালদা কৃষিবিজ্ঞান কেন্দ্রের কর্মীরা।

কর্মীদের প্রধান দাবিগুলি হল, পরিচালনাধীন সংস্থা ছাড়া দেশব্যাপী কৃষিবিজ্ঞান কেন্দ্রের কর্মীদের জন্য অভিন্ন নীতি প্রণয়ন করতে হবে। দেশের সর্বত্র কৃষিবিজ্ঞান কেন্দ্রের সকল কর্মীদের সম কাজে সম বেতন নীতি অনুসারে বেতনের সমতা নিশ্চিত করতে হবে। পাশাপাশি পরিচালনাধীন সংস্থা ছাড়া প্রত্যেক কর্মীর অবসরকালীন সুযোগসুবিধাকে সুনিশ্চিত করতে হবে। এছাড়া কৃষিবিজ্ঞান কেন্দ্রের এসএমএস পদকে বিজ্ঞানী বা সমতুল্য পদে আখ্যায়িত করতে হবে।

এদিকে, কর্মবিরতির জেরে কৃষিবিজ্ঞান কেন্দ্রে পরিষেবা নিতে এসে চরম হয়রানির মুখে পড়তে হয় কৃষকদের। রতুয়ার বাহিরকাপ গ্রামের কৃষক সাকবুল জানালেন, 'জমিতে সবজি চাষ করেছি। কিন্তু পোকার উপদ্রবে সবজি নষ্ট হয়ে যাচ্ছে, সেকারণে আজ কৃষিবিজ্ঞান কেন্দ্রে এসেছিলাম। কিন্তু এখানে বিক্ষোভ চলায় বাধ্য হয়ে বাড়ি ফিরতে হচ্ছে।'

### জেলার খেলা

## রুপো দীপশিখার, ব্রোঞ্জ মধুমিতার

**বালুরঘাট, ৫ ডিসেম্বর :** দিল্লিতে আয়োজিত ডিএসভি ন্যাশনাল স্পোর্টস মিটে তাইকোন্ডোতে রুপো জিতেছে দীপশিখা সরকার (অনূর্ধ্ব-১৪, ৪১-৪৪ কেজি বিভাগে) ও ব্রোঞ্জ জিতেছে মধুমিতা বর্মন (অনূর্ধ্ব-১৭, ৫৫-৫৯ কেজি বিভাগে)। ২-৪ ডিসেম্বর অনুষ্ঠিত প্রতিযোগিতায় দীপশিখা, মধুমিতা ছাড়াও অংশ নিয়েছিল দক্ষিণ দিনাজপুর তাইকোন্ডো অ্যাসোসিয়েশনের অঙ্কিত কুমার পাল, রিজয় দাস, অংশুমান দাস।

## চ্যাম্পিয়ন গণেশ



*পদক গলায় ছেলেদের জুনিয়ার কম্পাউন্ড বিভাগের সফলরা। - রাহুল দেব*

রায়গঞ্জ, ৫ ডিসেম্বর : ৪৫ তম রাজ্য তিরন্দাজিতে ছেলেদের জুনিয়ার কম্পাউন্ড বিভাগে চ্যাম্পিয়ন গণেশ টুডু। তার পয়েন্ট ৬৭৬। ৬৭৪ পয়েন্ট নিয়ে দ্বিতীয় দাউদ হেমব্রম। তৃতীয় জিৎ বর্মন (৬৬৭ পয়েন্ট)। পুরুষদের সিনিয়ার কম্পাউন্ড বিভাগে চ্যাম্পিয়ন হয়েছেন সঞ্জয় হেমব্রম। তাঁর পয়েন্ট ৬৮৭ পয়েন্ট। দ্বিতীয় অরূপ কুজুর (৬৮০ পয়েন্ট)। তৃতীয় গণেশ টুডু (৬৭৬ পয়েন্ট)। মহিলাদের সিনিয়ার কম্পাউন্ডে প্রথম মন্দিরা রাজবংশী (৬৭৬ পয়েন্ট)। দ্বিতীয় চুমকি মণ্ডল (৬৭১ পয়েন্ট)। তৃতীয় প্রাপ্তি বটব্যাল (৬৬২ পয়েন্ট)। ছেলেদের সাব-জুনিয়ার কম্পাউন্ড বিভাগে প্রথম অরূপ কুজুর (৬৮০ পয়েন্ট), দ্বিতীয় আশুতোষ (৬৬৩ পয়েন্ট) এবং তৃতীয় নীলাগ্র দাস (৬৩৪ পয়েন্ট)। মহিলাদের সাব-জুনিয়ার কম্পাউন্ডে প্রথম প্রাপ্তি (৬৬২ পয়েন্ট), দ্বিতীয় সাজিয়া কুরেশি (৬৫৪ পয়েন্ট) ও তৃতীয় বিদিশা রাই (৬৫৩ পয়েন্ট)।

## জাতীয় জুনিয়ার অ্যাথলেটিক্সে অনুপ্রিয়া



*ঘরের মাঠে অনুশীলনে ব্যস্ত অনুপ্রিয়া। - সৌরভ রায়*

**কুশমণ্ডি, ৫ ডিসেম্বর :** ৩৯তম জাতীয় জুনিয়ার অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপের জন্য বৃহস্পতিবার ভুবনেশ্বর রওনা হল কুশমণ্ডির মানিকোর হাইস্কুলের একাদশ শ্রেণির অনুপ্রিয়া রায়। সে জ্যাভলিন থ্রোয়ে নামবে। অনুপ্রিয়া বাংলা দলে দক্ষিণ দিনাজপুর জেলার একমাত্র প্রতিনিধি।

## অনিয়ম, দুর্নীতির অভিযোগ প্রধান শিক্ষকের বিরুদ্ধে

আজাদ

**মানিকচক, ৫ ডিসেম্বর :** মানিকচকের মথুরাপুর বিএসএস হাইস্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির একগুচ্ছ অভিযোগ উঠেছে। এনিয়ে প্রধান শিক্ষক অতীন্দ্রনাথ দাসের বিরুদ্ধে মানিকচকের বিডিওর কাছে লিখিত অভিযোগ দায়ের করেছেন অভিভাবকরা। তাঁদের অভিযোগ, স্কুলে নিয়মিত ক্লাস না হওয়ায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের ফলাফল ক্রমশই খারাপ হচ্ছে।

অভিভাবকদের বক্তব্য, স্কুল চত্বর ও শৌচালয় নিয়মিত পরিষ্কার হয় না। ফলে বাধ্য হয়ে অস্বাস্থ্যকর পরিবেশে পড়ুয়াদের ক্লাস করতে হয়। ক্লাসরুমে লাইট ও ফ্যান নেই। এমনকি ছাত্রছাত্রীদের জন্য পানীয় জলেরও সুব্যবস্থা নেই। বিভিন্ন প্রয়োজনে প্রধান শিক্ষকের কাছে গেলে পড়ুয়াদের হেনস্তার শিকার হতে হয়।

এমনকি, রাতের অন্ধকারে বন দপ্তরকে না জানিয়ে গাছ কেটে বিক্রি করার অভিযোগও রয়েছে প্রধান শিক্ষকের বিরুদ্ধে।

স্কুলের প্রাক্তন ছাত্র তথা শাসকদলের ছাত্রনেতা রাজীব সাহা বলেন, 'প্রধান শিক্ষকের অব্যবস্থাপনাতেই স্কুলের এই পরিণতি। স্কুলে পড়াশোনার কোনও পরিবেশ নেই। ক্লাসই হয় না। তাই মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের ফলাফল দিন দিন খারাপ হচ্ছে।'

স্কুলকে কালিমালিপ্ত করার উদ্দেশ্যেই এই অভিযোগ বলে মনে করছেন প্রধান শিক্ষক অতীন্দ্রনাথ দাস। তাঁর বক্তব্য, 'কী অভিযোগ হয়েছে জানি না। আমি চাই, সমস্ত অভিযোগ খতিয়ে দেখা হোক। অভিভাবকরা স্কুলে এসে সব দেখে যান।'

## দুই দশক পর উন্নয়নের ছোঁয়া ডালখোলায়

**ডালখোলা, ৫ ডিসেম্বর :** পুরসভা গঠনের দুই দশক পর পাকা রাস্তা পেল দুই নম্বর ওয়ার্ডের দিঘির পার এলাকার বাসিন্দারা। যা নিয়ে খুশির হাওয়া স্থানীয়দের মধ্যে।

তাঁদের বক্তব্য, পুরসভা গঠন হলেও উন্নয়নের কোনও ছোঁয়া লাগেনি দিঘির পার এলাকায়। প্রায় ৬০০ বাসিন্দাদের বাস এই এলাকায়। তবুও অতীতে ওই ওয়ার্ডের কাউন্সিলার কিংবা পুরপ্রধান কেউ এই এলাকার উন্নয়নের কথা ভাবেননি।

রাস্তা না থাকায় সমস্যায় পড়তে হচ্ছিল বাসিন্দাদের। অ্যাম্বুল্যান্স যেতে পারত না ওই এলাকায়। স্থানীয় বাসিন্দা মহম্মদ আবুর দাবি, 'রাস্তার কারণে রোগীদের খাটিয়া করে নিয়ে যেতে হত। প্রাক্তন কাউন্সিলার, পুরপ্রধান সকলের কাছে বারবার আমাদের এই সমস্যার কথা জানিয়েও কোনও লাভ হয়নি।'

তিনি আরও বলেন, 'আমরা আমাদের এই সমস্যার কথা বর্তমান কাউন্সিলার শ্যামলী অধিকারীকে জানিয়েছিলাম। অবশেষে তাঁর প্রচেষ্টায় পাকা রাস্তার কাজ শুরু হয়েছে।'

কাউন্সিলার শ্যামলী অধিকারী বলেন, 'আমি যখন নির্বাচনের প্রচারে এই এলাকায় এসেছিলাম তখন রাস্তার অবস্থা খুব খারাপ ছিল। আমি কথা দিয়েছিলাম জিতলে আমি এই এলাকার রাস্তা নির্মাণ করাব। ওয়ার্ডের বাসিন্দাদের সমস্যা সমাধান করতে পেরে ভালো লাগছে।'

পুরসভার বাস্তুকার বিশ্বজিৎ পাল জানান, 'দিঘির পার এলাকার ৬০০ মিটার কংক্রিটের রাস্তা এবং গার্ডওয়াল নির্মাণের জন্য প্রায় ৬১ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। দু'দিনের মধ্যে এই রাস্তার কাজ শেষ করা হবে।'

## দালালদের দৌরাত্ম্য কমাতে নজরদারি খাদ্য দপ্তরের

প্রকাশ মিশ্র

**মালদা, ৫ ডিসেম্বর :** সুষ্ঠুভাবে ধান ক্রয় বজায় রাখতে জোরদার নজরদারি শুরু করেছে খাদ্য দপ্তর। সরকারি সহায়ক মূল্যে ধান কেনার কাজ গত ২ নভেম্বর থেকে শুরু করেছে খাদ্য দপ্তর। চাষিরা যাতে সরকারি সহায়ক মূল্য পায় তার জন্য মাঝপথে ফড়ে ও দালালদের দৌরাত্ম্য ঠেকাতেই এই কড়া নজরদারি। চালকল মালিক সমিতির তরফেও সবরকম সহযোগিতা করা হচ্ছে বলে সংগঠন সূত্রে জানানো হয়েছে।

খরিফ মরশুমের বোরো ধান ক্রয় একমাস আগে শুরু করেছে খাদ্য দপ্তর। সরকারি ধান ক্রয় কেন্দ্রে এবারের সহায়ক মূল্য ২৩২০ টাকা প্রতি কুইন্টাল। গত বছর ফড়ে ও দালালদের দৌরাত্ম্য, ধলতা নিয়ে বারবার অভিযোগ উঠেছিল। এবার ধান কেনার লক্ষ্যমাত্রা রয়েছে প্রায় তিন লক্ষ ষাট হাজার মেট্রিক টন। গত এক মাসে চাষিদের কাছ থেকে প্রায় ষাট(৬০) হাজার মেট্রিক টন ধান সংগ্রহ করা হয়েছে।

জেলা খাদ্য নিয়ামক শাশ্বতসুন্দর দাস জানিয়েছেন, 'এখন ধান কেনায় ভালো গতি রয়েছে। আশা করি লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হবে। চাষিদের উৎপাদিত ধান যাতে সরাসরি ধান বিক্রয় কেন্দ্রে এবং বিভিন্ন সমবায় সমিতিতে ধান বিক্রি করতে পারে তার দিকে নজর রাখা হচ্ছে।'

খাদ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে, এবার সরকারিভাবে ৩৫টি ধান ক্রয় কেন্দ্র রয়েছে এবং আটটি মোবাইল ধান ক্রয় কেন্দ্র রয়েছে। ধান বিক্রির জন্য উৎপাদক চাষিরা তাঁদের নাম আগে নথিভুক্ত করিয়েছেন। এদের সংখ্যা এক লক্ষ উনিশ হাজার ১১৭ জন। গত এক মাসে মোট ১৮ হাজার ৬৭৬ জন তাঁদের উৎপাদিত ধান সহায়ক কেন্দ্রগুলিতে বিক্রি করেছেন।


এই প্রসঙ্গে মালদা ডিস্ট্রিক্ট রাইস মিল ওনার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক সুরেশ পোদ্দার জানিয়েছেন, 'আমরা ধান ক্রয়ের ক্ষেত্রে উপকরণ বা লজিস্টিক সাপোর্ট দিয়ে সহযোগিতা করছি। কোনও ফড়ে বা দালাল মাঝপথে ঢুকে চাষিদের কাছ থেকে কম দামে যাতে ধান কিনে নিতে না পারে তার জন্য আমরাও নজর রাখছি।'

সুরেশবাবুর আরও বক্তব্য, 'গত বছর কিছু ফড়ে বা দালাল ধান ক্রয় কেন্দ্রে আসার আগেই চাষিদের কাছ থেকে সহায়ক মূল্য থেকে কম দামে ধান কিনে নিচ্ছিল। ভেজা ধান বা খারাপ ধানের অজুহাতে বেশি করে ধলতা নিয়েছিল ফলে চাষিরা ক্ষতিগ্রস্ত হচ্ছিলেন। এই ব্যাপারে প্রশাসন এবং আমরা নজর রাখছি।'

### নাম বাতিল, কেঁদে ফেললেন জাহানারা

# প্রধান ও বিরোধী নেত্রীর স্বামীকে 'মার'

সৌরভকুমার মিশ্র



**প্রত্যক্ষদর্শীদের বক্তব্য**

- বৃহস্পতিবার পঞ্চায়েত অফিসে প্রধানের স্বামী দিলরোজের কাছে যান মেরাজুদ্দিন, তালিম এবং সালিম
- সেখানে গিয়ে জানতে চান মেরাজুদ্দিনের ভাই সহ একাধিক ব্যক্তির নাম কেন কাটা হয়েছে
- এরপরই প্রধানের স্বামী এবং সেখানে উপস্থিত পঞ্চায়েতের বিরোধী দলনেত্রী মহুয়া খাতুনের স্বামী আব্বাস আলির সঙ্গে তাদের হাতাহাতি শুরু হয়। সে সময় ওই দুজনকে মারধর করেন তালিম এবং তাঁর অনুগামীরা

**হরিশ্চন্দ্রপুর, ৫ ডিসেম্বর :** গ্রামসভায় অনুমোদনের জন্য যাচ্ছে আবাসের তালিকা। আর এই তালিকা প্রকাশ্যে আসতেই উঠছে বেনিয়মের অভিযোগ। চলছে বিক্ষোভও। তালিকায় নাম না দেখে আধিকারিকদের সামনে হাউমাউ করে কেঁদে ফেললেন অনেকেই। আবার পঞ্চায়েত দপ্তরে শাসকদের সঙ্গে হাতাহাতিতে জড়িয়ে পড়ছেন রাজনৈতিক দলের নেতারা।

হরিশ্চন্দ্রপুর-১ ও হরিশ্চন্দ্রপুর-২ নম্বর ব্লকের ১৬টা অঞ্চলে ছিল বিশেষ গ্রামসভা। বৃহস্পতিবার মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের গাঙ্গনদিয়া প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বসে গ্রামসভা। দুই শতাধিক মানুষ উপস্থিত ছিলেন। তালিকায় কারা ঘর পাওয়ার যোগ্য ও কারা অযোগ্য তা জনসাধারণের সামনে তুলে ধরেন ব্লক আধিকারিকরা। ঘর পাওয়ার ক্ষেত্রে যোগ্য হওয়া সত্ত্বেও তালিকায় নাম না থাকায় অনেকেই অভিযোগ জানাতে গিয়ে আধিকারিকদের সামনে কেঁদে ফেলেন।

তালিকায় নাম না দেখে গাঙ্গনদিয়া মসজিদ পাড়া গ্রামের বাসিন্দা জাহানারা বিবি পঞ্চায়েত উন্নয়ন আধিকারিকের সামনে কাঁদতে কাঁদতে বলেন, 'আমি আর কত গরিব হলে ঘর মিলবে?' জাহানারা বিবির তিন মেয়ে। স্বামী মানসিক ভারসাম্যহীন। নিজেরও একটি হাত ভেঙে গিয়েছে। তিনি আধিকারিকদের সামনে বলতে থাকেন, 'কয়েক বছর আগে পঞ্চায়েত আধিকারিকরা এসে ঘরের ছবি করে নিয়ে গিয়েছিল। তারপরেও নাম আসেনি। আবার গাঙ্গনদিয়া গ্রামের বাসিন্দা মহম্মদ আলাউদ্দিনয় চোখের জল মুছতে মুছতে অভিযোগ করেন, '২০২২ সালে তালিকায় আমার নাম ছিল। দিনমজুরি করে পাকাবাড়ি করেছি। সেই বাড়ি দেখে আমার নামটি তালিকা থেকে বাদ দিয়ে দিয়েছে।'

আবাসের তালিকায় কেন যোগ্যদের নাম কাটা গিয়েছে এই প্রশ্ন তুলে তুলসীহাটা গ্রাম পঞ্চায়েত অফিসে ঢুকে সিপিএমের প্রধানের স্বামী এবং বিরোধী দলনেত্রীর স্বামী তথা তৃণমূল নেতাকে ব্যাপক মারধর করার অভিযোগ উঠল এলাকারই কয়েকজনের বিরুদ্ধে। ঘটনায় পঞ্চায়েত দপ্তরের মধ্যেই দুই পক্ষই হাতাহাতিতে জড়িয়ে পড়ে। আহত হন কয়েকজন। আহতদের হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়। যদিও প্রাথমিক চিকিৎসার পর আহতদের ছেড়ে দেওয়া হয়েছে। দুইপক্ষই হরিশ্চন্দ্রপুর থানায় একে অপরের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। এই ঘটনায় অভিযুক্ত তিনজনকে গ্রেপ্তার করেছে হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, বৃহস্পতিবার দুপুরে তুলসীহাটা গ্রাম পঞ্চায়েত অফিসে প্রধানের স্বামী দিলরোজের কাছে যান তুলসীহাটা নয়াটোলার বাসিন্দা মেরাজুদ্দিন, তালিম এবং সালিম। সেখানে গিয়ে জানতে চান মেরাজুদ্দিনের ভাই সহ একাধিক ব্যক্তির নাম কেন কাটা হয়েছে? এরপরই প্রধানের স্বামী এবং সেখানে উপস্থিত পঞ্চায়েতের বিরোধী দলনেত্রী মহুয়া খাতুনের স্বামী আব্বাস আলির সঙ্গে তাদের হাতাহাতি শুরু হয়ে যায়। অভিযোগ সে সময় ওই দুজনকে মারধর করে তালিম এবং তার অনুগামীরা। যদিও তালিমের পালটা অভিযোগ, 'আমরা মারধর করিনি। উলটে প্রধানের স্বামী এবং আব্বাস আলি আমাদের আক্রমণ করেছে।'

তালিম, সালিম এবং মেরাজউদ্দিনকে গ্রেপ্তার করেছে হরিশ্চন্দ্রপুর পুলিশ। পুলিশ জানিয়েছে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে। ঘটনার তদন্ত চলছে। আব্বাস আলির দাবি, 'ওরা পঞ্চায়েতে ঢুকে গুন্ডামি করছিল।'



*স্কুল শেষ। তবু বাকি কথা। বৃহস্পতিবার ইংরেজবাজারে ছবিটি তুলেছেন অরিন্দম বাগ।*

## দুর্নীতির অভিযোগে বন্ধ জলাধার নির্মাণ

**গাজোল, ৫ ডিসেম্বর :** জলজীবন মিশন প্রকল্পের মাধ্যমে প্রতি বাড়িতে জল পৌঁছে দেওয়ার লক্ষ্যে জোরকদমে কাজ শুরু হয়েছে গাজোলে। পানীয় জল পরিষেবার জন্য বিভিন্ন এলাকায় তৈরি করা হচ্ছে বড় মাপের ওভারহেড জলাধার। কিন্তু এবারে সেই জলাধার নির্মাণ নিয়েই অভিযোগ তুললেন গ্রামবাসীরা।

নিম্নমানের সামগ্রী দিয়ে হচ্ছে কাজ। এর ফলে যে কোনওদিন ভেঙে পড়তে পারে এই বিশালাকার ট্যাংক। নিম্নমানের সামগ্রী দিয়ে কাজ করার অভিযোগ তুলে নির্মাণ কাজ বন্ধ করে দিলেন গ্রামবাসীরা। গ্রামবাসীদের কাছ থেকে এই ধরনের অভিযোগ পেয়ে বৃহস্পতিবার বিডিও অফিসে বৈঠক ডেকেছেন বিডিও এবং পঞ্চায়েত সমিতির সভাপতি। সেখানে সমস্ত বিষয়টি নিয়ে পর্যালোচনা করা হবে বলে জানা গিয়েছে।

দেওতলা গ্রাম পঞ্চায়েতের কুলিপুকুরে ৫১২ নম্বর জাতীয় সড়কের পাশে তৈরি হচ্ছে ওভারহেড ট্যাংক। পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের দেওতলা ডব্লিউএস স্কিমের অধীনে তৈরি হচ্ছে এই জলাধার। স্থানীয় বাসিন্দা বিজয় ভট্টাচার্যের অভিযোগ, 'প্রথম থেকেই নিম্নমানের সামগ্রী দিয়ে কাজ হচ্ছে। বিষয়টি নিয়ে আমরা ঠিকাদার এবং ইঞ্জিনিয়ারকে অভিযোগ জানিয়েছিলাম। কিন্তু বিষয়টি নিয়ে কেউ হেলদোল করেননি। আমরা দেখতে পেয়েছি বিভিন্ন জায়গায় নিম্নমানের কাজের জন্য এই ধরনের ট্যাংক ভেঙে পড়েছে। এই ঘটনা এখানেও ঘটতে পারে। বালি বলে যে জিনিসটি চালানো হচ্ছে সেটি আদপেও বালি কি না তা নিয়ে আমাদের সন্দেহ রয়েছে। এটি বালি, কাঁকর নাকি মাটি তা বোঝা যাচ্ছে না। যে সিমেন্ট ব্যবহার করা হচ্ছে তা অত্যন্ত নিম্নমানের। প্রতিটি সিমেন্টের বস্তা জমাট বাঁধা। সেই সিমেন্টকে গুঁড়ো করে ব্যবহার করা হচ্ছে ঢালাই এর কাজে। সরকার ঠিকঠাক ভাবে টাকা দিলেও সঠিক নির্মাণ সামগ্রী ব্যবহার করা হচ্ছে না। ভালো জিনিস দিয়ে কাজ না হলে, আমরা কাজ করতে দেব না।'

পঞ্চায়েত সমিতির সভাপতি মোজাম্মেল হোসেনের বক্তব্য, 'দেওতলার কুলিপুকুরে ওভারহেড ট্যাংক নির্মাণের ক্ষেত্রে নিম্নমানের সামগ্রী ব্যবহার করা হচ্ছে, এরকম অভিযোগ আমরা পেয়েছি। এই বিষয়টি নিয়ে আজ সন্ধেবেলা একটি জরুরি সভা ডাকা হয়েছে।'

### কুমারগঞ্জে মাইকে প্রচার প্রশাসনের

## ফুটপাথ দখলমুক্ত করতে পদক্ষেপ

সাজাহান আলি

**কুমারগঞ্জ, ৫ ডিসেম্বর :** ফুটপাথ দখল করে চলছে ব্যবসা। বিপজ্জনক হয়ে উঠেছে গোপালগঞ্জ বাজারের পতিরাম-কুমারগঞ্জ রাজ্য সড়ক। একের পর এক ছোট বড় দুর্ঘটনা ঘটছে। আতঙ্ক ছড়াচ্ছে মানুষের মনে। তাই সভা করে গোপালগঞ্জ বাজারের পাকা রাস্তার দু'পাশ মুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে কুমারগঞ্জ ব্লক ও পুলিশ প্রশাসন। সর্বদলীয় নেতৃত্ব এবং ব্যবসায়ী সমিতির উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় প্রশাসন সিদ্ধান্ত নিয়েছে, আগামী ৮ ডিসেম্বরের মধ্যে গোপালগঞ্জ বাজারের ফুটপাথ দখল করে থাকা দোকান সরিয়ে নিতে হবে। তা না হলে পুলিশ ও প্রশাসনের তরফে ব্যবসায়ীদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করা হবে। বুধ ও বৃহস্পতিবার পুলিশ প্রশাসনের তরফে এনিয়ে গোপালগঞ্জ বাজারে মাইকিং করা হয়।

বৃহস্পতিবার কুমারগঞ্জ থানার আইসি রামপ্রসাদ চাকলাদার জানান, 'আমরা পুলিশ ও প্রশাসনের তরফে মাইকিং করে ব্যবসায়ীদের দোকানপাট সরিয়ে নেওয়ার আবেদন জানাচ্ছি। শেষ তারিখ ৮ ডিসেম্বর ধার্য করা হয়েছে। এর মধ্যে কোনও ব্যবসায়ী প্রশাসনের নির্দেশ না মানলে তাঁর বিরুদ্ধে পদক্ষেপ করা হবে।'

কুমারগঞ্জের বিডিও শ্রীবাস বিশ্বাস বলেন, ফুটপাথ থেকে ব্যবসায়ীদের সরিয়ে দেওয়ার পাশাপাশি তাঁদের পুনর্বাসনের জন্য প্রশাসনের তরফে বিকল্প ব্যবস্থা করা হয়েছে। পাঁচটি ফলের দোকান সহ ফুটপাথ দখল করে থাকা দোকানগুলিকে পাকা রাস্তার নীচের বাজারে মন্দির ও সোসাইটি যাওয়ার রাস্তার ধারে বসতে বলা হয়েছে।'

পুলিশ ও প্রশাসনের উচ্ছেদের ঘোষণার বিষয়ে ফল বিক্রেতা সুদেব পাল বলেন, 'প্রশাসনের সিদ্ধান্ত মানতেই হবে। শুধু অনুরোধ, বিকল্প হিসাবে যেন একটু ভালো জায়গা দেওয়া হয়, যেখানে লোকজন যাবে, বেচাকেনাও হবে।' একই বক্তব্য বীরেন মহন্ত, প্রকাশ দাস, বাপ্পা দাসদেরও।

## মৎস্যখাদ্য উৎপাদন কারখানা চালু

**বুনিয়াদপুর, ৫ ডিসেম্বর :** সরকারি সহায়তায় বংশীহারীতে মৎস্যখাদ্য উৎপাদন কারখানা চালু হতে চলেছে। বংশীহারীর গাঙ্গুরিয়া পঞ্চায়েতের দৌলতপুর লাগোয়া মহম্মদপুরে ১০ কাঠা জমির উপর এই কারখানা গড়ে তুলতে চলেছেন এক মহিলা উদ্যোগপতি আলপনা দাস।

জানা গেছে, দক্ষিণ দিনাজপুর জেলার হিলি, বংশীহারী ও কুশমণ্ডিতেই বর্তমানে মৎস্য ও খাদ্য উৎপাদন কেন্দ্র গড়ে উঠছে। বংশীহারীর মহম্মদপুরে পরিকাঠামোগত কাজ শেষ হয়েছে। মেশিন এলেই উৎপাদন শুরু হবে। বৃহস্পতিবার এই কারখানা পরিদর্শন করলেন ডেপুটি ডিরেক্টর অফ ফিশারিজ (গৌড়বঙ্গ জোন) শ্যামলকুমার রায়, ডিএমডিসি অমিতাভ ভট্টাচার্য, বিডিও বংশীহারী সুব্রত বল প্রমুখ।

বিডিও বংশীহারী সুব্রত বলের বক্তব্য, '৩০ লক্ষ টাকা খরচ হয়েছে। কয়েকদিনের মধ্যেই উৎপাদন শুরু হবে। তার মধ্যে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার ভরতুকি দিচ্ছে। উদ্যোক্তার ইনভেস্টমেন্টও রয়েছে। প্রত্যেকদিন দুই টন করে মৎস্যখাদ্যের উৎপাদন করার কথা রয়েছে। সপ্তাহখানেকের মধ্যে মেশিন চলে এলেই কাজ শুরু হবে। আশা করছি, মহম্মদপুরের এই কারখানা থেকে উৎপাদন শুরু হলে অন্য জেলা থেকে মাছের খাবার আমদানি করতে হবে না।'

### টুকরো খবর

#### টোটো সহ পুলিশের জালে

**হরিরামপুর, ৫ ডিসেম্বর :** টোটো চুরি করেও শেষ রক্ষা হল না। অবশেষে ধরা পড়তেই হল পুলিশের জালে। ধৃতদের বাড়ি বাগিচাপুর পঞ্চায়েতের খারুয়া গ্রামে। নাম জয়ন্ত রায় এবং এনামুল শেখ।

হরিরামপুর থানার আইসি অভিষেক তালুকদার জানিয়েছেন, 'বৃহস্পতিবার সকালে গোপন সূত্রে খবর পেয়ে একটি নীল রং-এর টোটো ও একটি মোবাইল সহ দুইজনকে আটক করা হয়েছে। জিজ্ঞাসাবাদে জানা গেছে টোটোটি তারা চুরি করেছিল। গঙ্গারামপুর মহাকুমা আদালতে তোলা হয় দুইজনকে।'

#### আলু আটক

**ডালখোলা, ৫ ডিসেম্বর :** অবৈধভাবে বিহারে পাচারের আগে লক্ষাধিক টাকার আলু বাজেয়াপ্ত করল ডালখোলা থানার পুলিশ। বুধবার রাতে ডালখোলার পূর্ণিয়া মোড় সংলগ্ন ২৭ নম্বর জাতীয় সড়ক থেকে একটি আলু বোঝাই ভুটভুটি আটক করে পুলিশ। যদিও বিহারে আলু নিয়ে যাওয়ার কোনও বৈধ নথি দেখাতে পারেননি ভুটভুটির চালক। আটক হওয়া আলুর বাজারমূল্য প্রায় তিন লক্ষ টাকা। ঘটনায় পুলিশ ভুটভুটিচালককে আটক করেছে। পুরো ঘটনার তদন্ত শুরু করেছে ডালখোলা থানার পুলিশ।

#### কাটা পড়ে মৃত্যু

**সামসী, ৫ ডিসেম্বর :** ট্রেনে কাটা পড়ে মৃত্যু হল ৬০ বছর বয়সি এক বৃদ্ধের। বৃহস্পতিবার সকালে ঘটনাটি ঘটেছে সামসী রেলস্টেশন থেকে পশ্চিমদিকে প্রায় চারশো মিটার দূরে। মৃত ব্যক্তির কোনও পরিচয় মেলেনি। ঘটনাস্থল থেকে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেলে পাঠানোর ব্যবস্থা করে রেল পুলিশ।

#### শিবিরে লোকশিল্প

**বুনিয়াদপুর, ৫ ডিসেম্বর :** পশ্চিমবঙ্গ ভবিষ্যৎ ক্রেডিট কার্ড প্রকল্পে ব্যবসার জন্য শুরু হয়েছে ঋণদান শিবির। এই শিবিরে চাষিদের উপস্থিতি বাড়াতে বৃহস্পতিবার আয়োজন করা হয় লোকশিল্পের।



তৃতীয় কিস্তি

# মেসবাড়ির ডায়েরি

**প্রথম বিশ্বযুদ্ধের শেষেই মেসবাড়ির উদ্ভব। একসময় মফসসলের মেধাবী ও শিক্ষিত বাঙালি সন্তান উচ্চশিক্ষা ও চাকরির খোঁজে জেলা থেকে কলকাতায় আসতে শুরু করলে শুরু হয় মেসবাড়ির কালচার। উত্তর কলকাতার এইসব মেসবাড়ি কেবল ইট-কাঠের কাঠামোর ছিল না। ছিল কয়েক প্রজন্ম, অনেকটা ইতিহাস, গোটা একটা সংস্কৃতি নিয়ে নতুন এক অধ্যায়।**

**সময়টা বদলে গিয়েছে। মেসবাড়ির সংস্কৃতি বদলে হয়েছে পিজি, আর্থিক সংগতিসম্পন্নদের প্রথম পছন্দ 'পিজি'। পিজিতে নেহাতই ঘর শেয়ার করা, আর কিছু নয়। ফলস্বরূপ পরিচর্যার অভাবে বয়সের ভারে মাথা নুইয়েছে মেসবাড়ি। প্রত্যেক মেসের ছিল নিজস্ব চরিত্র ও বৈশিষ্ট্য; সেখানে একসঙ্গে বাঁচার নামই জীবন... আজও মেস আছে, মেসজীবন আছে, কিন্তু কোথাও মেসবাড়ি বলে কোনও বাড়ি বা তার ঠিকানার অস্তিত্ব নেই। এখন যে ক'টা টিকে আছে, সেই আন্তরিকতা নেই বললেই চলে বোর্ডারদের মধ্যে। তক্তাপোশ পরিণত হয়েছে সিঙ্গল বেড-এ।**

**বেসরকারি সংস্থায় কাজ করতে আসা ভিনরাজ্যের ছেলেমেয়েরা তো আছেই, শহর কলকাতায় পড়াশোনা করতে আসা দেশ-বিদেশের বহু ছাত্রছাত্রীর যৌথ ডেরাও এখন মধ্যবিত্ত পাড়ার বেশ কিছু ফ্ল্যাট। নামের সঙ্গেই পালটেছে মেসবাড়ির অঙ্গসজ্জা। তক্তাপোশ-তেলচিটে তোষকের অবসান ঘটেছে সিঙ্গল বেড আর আধুনিক ম্যাট্রেসে। বারোয়ারি কলঘরের জায়গায় এসেছে অ্যাটাচড টয়লেট। বিদায় নিয়েছে মেসবাড়ির আজীবন সদস্য ছারপোকারাও। তবুও ভোল বদলে বহালতবিয়তে শহরজুড়ে আজও বিদ্যমান মেসবাড়ি।**

## বাথরুমের সিনোনিম আইডিয়া সেন্টার

আয়ুধ

সক্কাল সক্কাল ঘুম ভেঙে যায়। দিনরাত ঘরে আলো জ্বলে। রুমমেটেরা পড়াশোনা করে। এখনও তেমন জাঁকিয়ে শীত পড়েনি। সবই আকাশের মুড সুইং-এর ফল। তার ওপর জানলা খুললেই শিরশিরে হাওয়া। ধুর! কতদিন যে এভাবে সকাল শুরু হয় গুনে শেষ করা যাবে না। গৃহপালিতদের কাছে মেস লাইফ অনেকটা ডায়াবেটিস রোগীদের কাছে গরম রসগোল্লার মতো। সোজা বাংলায় সুখে থাকতে ভূতের কিল খাওয়ার সাধ।

বিছানা ছেড়েই খিটখিটে মেজাজে ছুটে যাই সুখস্থানে। ঢুলুঢুলু চোখে কাজ সেরে ঘরে ফিরতে ফিরতে আমি চাঙ্গা। বাঙালির জীবনে বাথরুমের সিনোনিম কিন্তু আইডিয়া সেন্টার হতেই পারে। নেতিয়ে পড়া শরীরে

**বাঙালির জীবনে বাথরুমের সিনোনিম কিন্তু আইডিয়া সেন্টার হতেই পারে। নেতিয়ে পড়া শরীরে ঢুকে যেভাবে ফুরফুরে আমি বেরিয়ে আসি, তাকে ছোটখাটো মেটামরফোসিস বলাই যায়।**

ঢুকে যেভাবে ফুরফুরে আমি বেরিয়ে আসি, তাকে ছোটখাটো মেটামরফোসিস বলাই যায়।

গতকাল রাতে অফিস থেকে ফিরে গুচ্ছের জামা ভিজিয়েছিলাম। সকাল সকাল জলদি হাতে কেচে নিলাম কোনওরকমে। ছাদের দড়িতে ক্লিপ আটকে ওদের জীবন ফিক্সড করেই দিলাম ছুট। এরপর নাকে-মুখে গুঁজে ইউনিভার্সিটি। মনে মনে ছকে নিলাম প্ল্যানটা। ক্লাস শেষে দুটো নাগাদ বেরিয়ে টোটো ধরব। ঘরে ঢুকতে ঢুকতে সোয়া দুটো, লাঞ্চটা সেরে আড়াইটায় অফিস।

একে স্ট্রাগলার,
উপরসে ব্যাচেলর।
বলে না, উপরওয়ালা যব দেতা
হ্যায় ছাপ্পর ফাঁড়কে দেতা হ্যায়। ধু-ধু দুঃখের মরুভূমি পেরিয়ে ছুটলাম ইউনিভার্সিটি।

প্ল্যান মাফিক ক্লাস সেরে ঘরে ফিরলাম। খেলামও। বিট্রে করল সময়টা। পাঁচ মিনিট লেট! আকাশ কালো হয়ে এসেছে। কোনওরকমে ঘরে তালাটা ঝুলিয়ে জুতোর বেল্ট লাগাচ্ছি। মনে পড়ল, ছাদের নিশ্চিন্ত ঠিকানা থেকে জামাকাপড়গুলো না নিয়ে এলে বিপদ সামনে। কারণ, পরদিন অফিসে ওই জামাটাই পরার কথা। ভিজে গেলে সর্বনাশ।

পড়ি-মরি করে পা ফেলেছি ছাদের সিঁড়িতে, কানে এল স্যান্ডেলের চটাস চটাস শব্দ। গুনগুনিয়ে গানও। হাতে শুকনো জামার ডাঁই। চোখ তুলতেই দেখি, ববি। ও আমার পাশের ঘরে থাকে। সামনে এসে দাঁড়াল। এরপর স্তূপীকৃত জামা তুলে দিল আমার হাতে। ততক্ষণে গান থেমে গিয়েছে। সঙ্গে সরু চোখের চাহনি, 'আকাশটা দেখেছ? তোমার মতোই। খামখেয়ালি। ভাগ্যিস ছাদে এসেছিলাম!'

কথা শেষ করে ঝড়ের গতিতে নিজের ঘরে ঢুকল ববি। আমি তখনও দাঁড়িয়ে। সাত-পাঁচ ঠোঁটে এসেও ফিরে গেল। একটা শব্দও বেরোল না। খেয়াল হল, ঝমঝমিয়ে বৃষ্টি নেমেছে বাইরে। আবেগের গণ্ডি ছুটেছে হাইস্পিডে। ততক্ষণে মেসমেটের কপট শাসনের আড়ালে ঘাপটি মেরে লুকিয়ে থাকা স্নেহে ভিজে কাঁই আমার আমিটা।

## জাতীয় স্তরে প্রথম আরাত্রিকা



মধ্যপ্রদেশের উজ্জয়নে অনুষ্ঠিত বিদ্যাভারতীর জাতীয় স্তরের সংস্কৃতি মহোৎসবে প্রথম হয়ে নজর কাড়ল রায়গঞ্জ সুদর্শনপুরের সারদা বিদ্যামন্দিরের (সিবিএসই) পড়ুয়া আরাত্রিকা পাল। এই প্রতিযোগিতায় সারা দেশ থেকে প্রতিযোগীরা এসেছিল। এই প্রতিযোগিতায় দ্বিতীয় হয়েছে উত্তরপ্রদেশ এবং তৃতীয় হয়েছে পঞ্জাবের পড়ুয়ারা। পাশাপাশি, সারদা বিদ্যামন্দির বাংলা মাধ্যমের শিক্ষক প্রতীক সান্যাল বলেন, 'অখিল ভারতীয় সংস্কৃতি মহোৎসবের সংস্কৃতি প্রতিযোগিতায় সারদা বিদ্যামন্দির রায়গঞ্জ হাইস্কুল বাংলামাধ্যম জাতীয় স্তরে মূর্তি কলা প্রতিযোগিতায় বালক-বালিকা বিভাগে তৃতীয় স্থান অর্জন করে প্রদীপ্তা দেবনাথ। এই সাফল্যে খুশি দুইস্কুলের শিক্ষক-শিক্ষিকারা। *তথ্য : দীপঙ্কর মিত্র*



ফোটোস্টোরি

*জেএ শিক্ষা মিশনের উদ্যোগে স্কুল প্রাঙ্গণে সব পড়ুয়ার হাতে চারাগাছ তুলে দেওয়া হল। সুস্থ সমাজ গড়ে তোলার বার্তা ছিল, 'গাছ লাগান প্রাণ বাঁচান'। গাজোল ব্লকের বৈরগাছি গ্রামে অনুষ্ঠানটি হয়।* *ছবি : পঙ্কজ ঘোষ*

## বর্ণময় সমারোহে ডিপিএস ফিনিক্স-২০২৪

অর্ণব চক্রবর্তী

ফরাক্কা

ফিনিক্স ২০২৪ , ৩০ নভেম্বর, বর্ণাঢ্য সমারোহে দিল্লি পাবলিক স্কুল, এনটিপিসি ফরাক্কা নিজস্ব স্কুল ক্যাম্পাসে উদযাপন করল বার্ষিক সাংস্কৃতিক উৎসব। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রো-ভাইস চেয়ারম্যান ডিপিএস তথা এনটিপিসি ফরাক্কা ইউনিটের এইচওপি রমাকান্ত পান্ডা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্কুলের অধ্যক্ষ কমলেশকুমার জয়সোয়াল, উদিতা লেডিস ক্লাবের সভাপতি নিভা পান্ডা, জিএম (ও এন্ড এম) সঞ্জয় শ্রীবাস্তব, হেড অফ এইচ আর আলোককুমার রানবির প্রমুখ। নাচ-গান ও নাটকে স্কুলের ছাত্রছাত্রীরা তাদের সাংস্কৃতিক বিকাশ তুলে ধরে।

এনটিপিসির এইচওপি রমাকান্ত পান্ডা পড়ুয়াদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে বলেন, 'শিক্ষা-সংস্কৃতি-প্রযুক্তি সমস্ত ক্ষেত্রেই ফরাক্কা ডিপিএস-এর ছাত্রছাত্রীরা নিজেদের শ্রেষ্ঠত্বের প্রমাণ দিয়ে চলেছে।'

স্কুলের অধ্যক্ষ কমলেশকুমার জয়সোয়াল বলেন বলেন, '৩০ বছর ধরে পরম্পরা মেনে বার্ষিক সাংস্কৃতিক সমারোহ হয়ে চলেছে। ছাত্রছাত্রীদের অংশগ্রহণ এবং সবার উপস্থিতিতে এই অনুষ্ঠান সফল এবারও।'






ফোটোস্টোরি

*পতিরাম হাইস্কুলের পড়ুয়া অভিনীত ছোট নাটক 'ছিনাথ বহুরূপী'। সৌরবিদ্যুৎচালিত পরিস্রুত পানীয় জলের প্ল্যান্ট উদ্বোধন উপলক্ষ্যে এই অনুষ্ঠান।* *ছবি : বিশ্বজিৎ প্রামাণিক*

## সপ্তাহব্যাপী ইন্টার্নশিপ

■ পিএমশ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ে রায়গঞ্জ হ্যান্ডস অন স্কিলের অধীনে অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের জন্য আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এবং মেশিন লার্নিং নিয়ে সপ্তাহব্যাপী ইন্টার্নশিপ প্রোগ্রামের আয়োজন করা হয়। শিক্ষার্থীদের এ আই, এম এল ও পাইথন বিষয়ের তাত্ত্বিক ও ব্যবহারিক দিক নিয়ে আলোচনা হয়। রায়গঞ্জে শুরু হওয়া এই প্রোগ্রাম মালদায় সাইট পরিদর্শনের পর শেষ হয়। ন্যাশনাল এডুকেশন পলিসির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এই প্রশিক্ষণের লক্ষ্য শিক্ষার্থীদের ইলেক্ট্রনিক্স এবং মেশিন লার্নিংয়ের প্রয়োজনীয় দক্ষতা দিয়ে সজ্জিত করা এবং তাদের কেরিয়ারের জন্য প্রস্তুত করা। *তথ্য : দীপঙ্কর মিত্র*

## জমে উঠল ন্যানো টেকনলজির আলোচনা

■ রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের উদ্যোগে বুধবার প্রিয়রঞ্জন দাসমুন্সি সভাকক্ষে ন্যানো টেকনলজি নিয়ে সেমিনারের আয়োজন করা হয়। প্রধান আলোচক ছিলেন বিশ্ববাংলা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ দিলীপকুমার মাইতি। উপস্থিত ছিলেন রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দীপককুমার রায়, বিজ্ঞান বিভাগের ডিন কৌশিক চক্রবর্তী প্রমুখ। উপাচার্য দীপককুমার রায়ের কথায়, এই ধরনের আলোচনার মধ্যে দিয়ে বিশ্ববিদ্যালয় এগিয়ে যাবে। ডিন কৌশিক চক্রবর্তী বলেন, 'ন্যানো সায়েন্স কী কী ক্ষেত্রে লাগছে, তা আলোচনায় উঠে এসেছে। ন্যানো সায়েন্সের ব্যবহার বিশাল। যে সমস্ত ছাত্রছাত্রী আগামীতে গবেষণা করবে তারা একটা দিগন্ত পেল।' *তথ্য : দীপঙ্কর মিত্র*

## নারী সুরক্ষার বার্তা তপনে

■ সম্প্রতি তপন আনন্দ আশ্রম ক্লাব প্রাঙ্গণে নির্মায়া গ্রুপ অব স্কুলের প্রথম বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। দুই দিনের এই সাংস্কৃতিক অনুষ্ঠানে নির্মায়া স্কুল সহ বিভিন্ন স্কুলের স্থানীয় খুদে পড়ুয়া, এলাকার তরুণ-তরুণী ও বহিরাগত শিল্পীরা অংশ নেয়।

প্রথম দিন বিজ্ঞান মডেল প্রতিযোগিতা ও প্রদর্শনীতে বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা পরিবেশ সচেতনতা এবং প্রযুক্তির নানা বিষয় নিয়ে অভিনব মডেল প্রদর্শন করে। সেই সঙ্গে ছিল শিশু-নারীর অধিকার ও সুরক্ষা নিয়ে আলোচনা। স্থানীয় শিশুদের বাদ্যযন্ত্র বাজানো ছাড়াও ছিল ক্যারাটে, নৃত্য, ধ্রুপদী সঙ্গীতের আসর এবং খুদে ছাত্রীরা 'তিলোত্তমা' ছবির লাইভ ড্রয়িং।

দ্বিতীয় দিন ছিল হস্তশিল্প প্রতিযোগিতা এবং প্রদর্শনী, স্থানীয় ইমানুয়েল মিশন বৃদ্ধাশ্রম এবং শিশুলয়ের পড়ুয়াদের সঙ্গীত ও নৃত্য ছাড়াও শিল্পী অতুল রায়ের গান। স্থানীয় শিল্পীদের পরিবেশনায় 'খুনি' নাটক মঞ্চস্থ হয়। গঙ্গারামপুরের বীনা নিক্কন কেন্দ্রের ছাত্রীরা নৃত্যে সকলে মাতিয়ে তোলেন।

নির্মায়া গ্রুপ অব স্কুলের কর্ণধার অলোক সরকার বলেন, 'ছোট বাচ্চারা যাতে সুস্থভাবে বাঁচতে পারে, 'নির্ভয়া' ও 'তিলোত্তমা' কাণ্ডের মতো ঘটনা যেন আর না ঘটে। প্রতিটি অভিভাবক যাতে সচেতন থাকেন, এই বিষয়কে মনে রেখে এইবছর অনুষ্ঠানে তিলোত্তমার থিম রাখা হয়েছিল।' *তথ্য : বিপ্লব হালদার*

সেমিনারে

## ড্রপআউট পড়ুয়া ফেরাতে শিবির




■ সাফানগর হাইস্কুলে শক্তি বাহিনী এবং কুমারগঞ্জ ব্লক প্রশাসনের যৌথ উদ্যোগে কন্যাশ্রী মেয়েদের সচেতনতা শিবিরে উপস্থিত ছিলেন বিএসএফ এএইচটিইউ সেল, হিলি বিওপি প্রতিনিধিরা, শক্তি বাহিনীর জেলা কোঅর্ডিনেটর মিজানুর রহমান, ভিক্টিম সাপোর্ট পার্সন স্বরূপ বসাক ও দেবু সরকার, আইসিডিএস সুপারভাইজার সোনালি দে প্রমুখ।

বিএসএফ ইনস্পেকটর মহম্মদ ইকবাল ও টিম মেম্বার অক্ষি কুমারী মেয়েদের সচেতন করেন, কীভাবে মোবাইলের মাধ্যমে প্রলোভন দেখিয়ে পাচার করা হয়। তাঁরা মেয়েদের এবিষয়ে সজাগ থেকে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান। শক্তি বাহিনীর মিজানুর রহমান বাল্যবিবাহ মুক্ত জেলা গড়ার জন্য সবাইকে একযোগে কাজ করার পরামর্শ দেন।

এছাড়া নারী ও শিশু পাচার প্রতিরোধ, নারী নির্যাতন বন্ধ এবং স্কুলে ড্রপআউট শিশুদের ফিরিয়ে আনার লক্ষ্যে জেলাজুড়ে প্রচার অভিযান, মেয়েদের ফুটবল প্রতিযোগিতা, সামাজিক সচেতনতামূলক কর্মসূচি, মোমবাতি মিছিল সহ বিভিন্ন পরিকল্পনার কথা বলা হয়। জেলা প্রশাসন, ব্লক প্রশাসন, পঞ্চায়েত, স্বাস্থ্য ও আইসিডিএস দপ্তর এবং বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন যৌথভাবে কাজ করবে। দক্ষিণ দিনাজপুরকে বাল্যবিবাহ মুক্ত জেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যেই এই কর্মসূচি। *ছবি : বিশ্বজিৎ প্রামাণিক*

## পরিবেশের সংকট ও উত্তরণের পথ



■ 'শিক্ষা ও বিনোদন জগতে পরিবেশের প্রভাব' শীর্ষক একটি সচেতনতামূলক অনুষ্ঠান হয়ে গেল সামসী কলেজের বাংলা বিভাগ, আই কিউ এ সি, এন এস এস ইউনিট ও ব্যঞ্জনবর্ণ ফাউন্ডেশনের (কলকাতা) সহযোগিতায়। বিশেষ বক্তা হিসেবে ছিলেন, কলেজের অধ্যক্ষ ডঃ সলিলকুমার মুখার্জি, রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপিকা প্রফেসর তৃপ্তি ধর, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ডঃ পল্লব মুখোপাধ্যায়, ব্যঞ্জনবর্ণ ফাউন্ডেশনের সেক্রেটারি ডঃ দেবব্রত বিশ্বাস প্রমুখ। অধ্যাপক ডঃ তৃপ্তি ধর বৌদ্ধদর্শনে পরিবেশ ভাবনাকে চিত্রপটের মধ্য দিয়ে আলোকপাত করেন। ডঃ পল্লব মুখোপাধ্যায় হিন্দি চলচ্চিত্রে পরিবেশের প্রভাব সমকালীন ও সাম্প্রতিক প্রেক্ষাপটে সুচারুরূপে তুলে ধরেন। প্রায় ৪০০ ছাত্রছাত্রী নিয়ে আয়োজিত এই অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক তাপসকুমার বর্মন।

অন্যদিকে, জেলার চাঁচল কলেজের আই কিউ এ সি, এন এস এস ইউনিট ও ব্যঞ্জনবর্ণ ফাউন্ডেশনের সহযোগিতায় বৃক্ষরোপণ করে 'শিক্ষা ও বিনোদন জগতে পরিবেশের প্রভাব' শিরোনামে সচেতনতামূলক অনুষ্ঠানের শুভ সূচনা হল। বিশেষ বক্তা ছিলেন গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ডঃ অচিন্ত্যকুমার ব্যানার্জি, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ডঃ পল্লব মুখোপাধ্যায়, ব্যঞ্জনবর্ণ ফাউন্ডেশনের সেক্রেটারি ডঃ দেবব্রত বিশ্বাস, কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অজিত বিশ্বাস, অধ্যাপক অমিত রায় প্রমুখ। অধ্যাপক ডঃ অচিন্ত্যকুমার ব্যানার্জি তাঁর বক্তব্যে সাহিত্য ও সমাজে পরিবেশের সংকট ও তার উত্তরণের পথ সম্পর্কে আলোচনা করেন। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ডঃ মহম্মদ মহিদুর রহমান। *ছবি ও তথ্য : মুরতুজ আলম*

## বিকশিত ভারতের লক্ষ্য

■ দেওয়ান আব্দুল গণি কলেজের ভূগোল বিভাগের পরিচালনায় ডক্টর জয়নাল আবেদিন সেমিনার হলে 'উন্নত ভারত' শীর্ষক একদিনের জাতীয় সেমিনার অনুষ্ঠিত হয়। একটি উন্নত জাতির দৃষ্টিভঙ্গি অন্বেষণের পাশাপাশি বিকশিত ভারত গড়ার লক্ষ্য নির্ধারণ ছিল আলোচনার মূল বিষয়। উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক দীপককুমার রায়। আলোচক ছিলেন জহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কুশলকুমার শর্মা, বিশ্বভারতীর অ্যাগ্রো ইকোনমিক রিসার্চ সেন্টারের ডিরেক্টর অধ্যাপক প্রহ্লাদ রায়, রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ তাপস পাল প্রমুখ। সেমিনারে যুগ্ম আহ্বায়ক ছিলেন অধ্যাপক জুব্বের আহমেদ ও ডঃ ইসমাইল। সঞ্চালনা করেন মণিরুল ইসলাম। কলেজের অধ্যক্ষ ডঃ আবদুল ওহাব বলেন, 'বিকশিত ভারত গড়ার লক্ষ্যে এই কর্মশালা বর্তমান সময়ে ছাত্রছাত্রী সহ সকলের জন্য যথেষ্ট তাৎপর্যপূর্ণ।' *তথ্য : সৌরভ রায়*

## ছোট তারা ★



রায়গঞ্জের ইধিত্রী ঘটক (৫) অঙ্কনের প্রতি ভীষণ আগ্রহী। ইতিমধ্যে তার ঝুলিতে ঢুকেছে অনেক পুরস্কার। আগামীতে শিল্পী হতে চায় সে।




বাজার সরকার
বাজারের ওঠাপড়া গায়ে লাগবে না যদি আপনি বাজার সরকারের কথা শুনে চলেন
আপনি প্রশ্ন করুন আমাদের ফেসবুক পেজে। শেয়ার ও মিউচুয়াল ফান্ড সংক্রান্ত সব প্রশ্নের জবাব দেবেন
বিনিয়োগ বিশেষজ্ঞ বোধিসত্ত্ব খান
আজ সন্ধে ৬টা
উত্তরবঙ্গ সংবাদের স্টুডিও থেকে
f LIVE
www.facebook.com/uttarbangasambadofficial


# অবরুদ্ধ রথবাড়ি





> শহরের রাস্তার তুলনায় যানবাহনের সংখ্যা অনেক বেশি। তার ওপর রাস্তার ধারে গাড়ি পার্কিং সেই যন্ত্রণা বাড়িয়ে তুলেছে। প্রশাসন কেন এনিয়ে কঠোর পদক্ষেপ করছে না বুঝতে পারছি না।
>
> **অনিকেত রায়**, শহরবাসী

> পার্কিংয়ের পুরো বিষয়টি জেলা প্রশাসন ও পুলিশের তত্ত্বাবধানে। আমরা নজরদারির মাধ্যমে তাঁদের সহযোগিতা করছি। আশা করছি দ্রুত সমস্ত সমস্যার সমাধান হবে।
>
> **কৃষ্ণেন্দুনারায়ণ চৌধুরী**
> চেয়ারম্যান, ইংরেজবাজার



*(১) রথবাড়ির একটি লেন ট্যাক্সি ও অটোর দখলে। (২) টোটোয় অবরুদ্ধ রাস্তা। (৩) রথরবাড়ির অপর প্রান্তের লেনে বসছে বাজার। বৃহস্পতিবার মালদায়। - অরিন্দম বাগ*

## যানজট আর পার্কিংয়ে নাজেহাল

**অরিন্দম বাগ**

**মালদা, ৫ ডিসেম্বর :** মালদা শহরের সমস্যাগুলির মধ্যে অন্যতম যানজট সমস্যা। এনিয়ে অনেক নিউজপ্রিন্ট খরচ করেছে উত্তরবঙ্গ সংবাদ। তবে এখনও সমস্যার সমাধান হয়নি। মালদা শহরের ছবিটা একই থেকে গিয়েছে। শহরের এই সমস্যা নিয়ে নানা অভিযোগ থাকলেও, তালিকার শীর্ষে এখনও বেআইনি পার্কিং। আদৌ এই সমস্যার সমাধান মিলবে কি না, সেই প্রশ্নের উত্তরের অপেক্ষায় দেড়শো বছরের পুরোনো শহরের বাসিন্দারা।

মালদা শহরের অত্যন্ত গুরুত্বপূর্ণ এলাকা রথবাড়ি মোড়। এখান থেকে চারটি রাস্তা চারদিকে গিয়েছে। একদিকে মেডিকেল কলেজ, একদিকে জেলা আদালত, একদিকে রেলওয়ে স্টেশন, অন্যদিকে মালদা বিমানবন্দর। প্রতিদিন কয়েক হাজার মানুষের চলাচল এই এলাকায়। যানবাহনের উপস্থিতিও অনেক বেশি। গোদের ওপর বিষফোড়া হয়ে দাঁড়িয়েছে বেআইনি পার্কিং। রথবাড়ি এলাকার চারটি লেনের একটির দখল নিয়েছে অস্থায়ী ফলের দোকান। একটি গিয়েছে টোটো আর ছোট গাড়ির দখলে। একাংশে আবার বাসের দাপট। ফলস্বরূপ নিত্যদিনের যানজট।

বৃহস্পতিবারের ছবিটাও ব্যতিক্রম নয়। যানজট সামলাতে হিমসিম খেতে হয়েছে সিভিক ভলান্টিয়ারদের। বিরক্ত হয়েছে শহরবাসী। এক শহরবাসী অনিকেত রায় জানান, 'রোজ এই রাস্তা দিয়ে কাজে যেতে হয়। লকডাউন ছাড়া আজ পর্যন্ত একটা দিন আসেনি, যেদিন যানজটের মুখে পড়তে হয়নি। নিত্যদিনের যানজটে শহরবাসী অতিষ্ঠ। শহরের রাস্তার তুলনায় যানবাহনের সংখ্যা অনেক বেশি। তার ওপর রাস্তার ধারে গাড়ি পার্কিং সেই যন্ত্রণা বাড়িয়ে তুলেছে। প্রশাসন কেন এনিয়ে কঠোর পদক্ষেপ নিচ্ছে না বুঝতে পারছি না।'

একই বক্তব্য সোমনাথ সরকারেরও। তাঁর আরও বড় অভিযোগ, 'সব ব্যবসা। সবই রাজনীতি। এখানে মানুষের কোনও গুরুত্ব নেই।'

শহরের যানজট নিয়ন্ত্রণে প্রশাসনের তরফে কোনও উদ্যোগ যে নেওয়া হয়নি তেমনটা নয়। তবে শহরবাসীর অভিযোগ, সমস্ত উদ্যোগ ক্ষণস্থায়ী হওয়ায় আজও সমস্যায় পড়তে হচ্ছে মানুষকে। একসময় ফ্লাইওভারে যানজট নিয়ন্ত্রণে রথবাড়ি এলাকায় ফ্লাইওভারে ওঠার সিঁড়ি বন্ধ করে দেওয়া হয়েছিল। সময় বদলেছে, রথবাড়ি আন্ডারপাস চালু হয়েছে, কিন্তু এখনও সেই সিঁড়ি বন্ধ। সব গাড়ি আন্ডারপাস দিয়েই যাতায়াত করছে। রাস্তার উপর অস্থায়ী ফলের দোকান তুলতে মাঝেমধ্যেই প্রশাসনের উদ্যোগ দেখা যায়। কিন্তু তা ক্ষণস্থায়ী। বেআইনি টোটো চলাচল কিংবা পার্কিং রুখতে পুলিশের তৎপরতা মাঝেমধ্যে নজরে আসে। কিন্তু সেই তৎপরতাও ক্ষণস্থায়ী হওয়ায় সমস্যার সমাধান হয়নি। আদৌ এই সমস্যার সমাধান হবে কি না, তা নিয়ে এখন চর্চা শহরবাসীর অন্দরে।

### অবৈধ নির্মাণে ফুটপাথ দখলের অভিযোগ

# কাজ বন্ধের নির্দেশ বালুরঘাট পুরপ্রধানের

**পঙ্কজ মহন্ত**

**বালুরঘাট, ৫ ডিসেম্বর :** ফুটপাথ দখল ও অবৈধ নির্মাণ রুখতে কড়া পদক্ষেপ করল বালুরঘাট পুরসভা। বাড়ি এবং বাড়ি সংলগ্ন রাস্তা তৈরি করতে গিয়ে অবরুদ্ধ হয়ে পড়েছিল মূল রাস্তার ধারের নর্দমা। যা নিয়ে স্থানীয়দের তরফে ফুটপাথ দখলের অভিযোগ উঠেছিল। বৃহস্পতিবার সরেজমিনে পুরো বিষয়টি খতিয়ে দেখে কাজ বন্ধের নির্দেশ দিল বালুরঘাট পুরসভার পুরপ্রধান। এদিন বিকেলে শহরের ১৪ নম্বর ওয়ার্ডের গোবিন্দপুর এলাকায় নিজের উপস্থিতিতে একটি নির্মাণকাজ বন্ধ করালেন খোদ পুরসভার পুরপ্রধান অশোক মিত্র। ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়।

গোবিন্দপুর এলাকার ওই স্থানে বর্তমানে কলোনি তৈরি করে প্রচুর মানুষ বসবাস শুরু করেছেন। অভিযোগ, এলাকার এক বাসিন্দা এদিন সকাল থেকেই চকভৃগু দাঁড়ালহাট রুট সংলগ্ন ফুটপাথের বেশ কিছু অংশ দখল করে মাটি ফেলে নির্মাণকাজ চালাচ্ছিলেন। বিষয়টি জানাজানি হতেই স্থানীয়রা ক্ষোভ প্রকাশ করেন। অভিযোগ পেয়ে তৎক্ষণাৎ পুরসভার ইঞ্জিনিয়ার সহ ওই ওয়ার্ডের কাউন্সিলার অনোজ সরকারকে নিয়ে ঘটনাস্থলে হাজির হন পুরপ্রধান। নর্দমা সংস্কার সহ ফুটপাথ দখলমুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন তিনি।



*এলাকা পরিদর্শনে বালুরঘাটের পুরপ্রধান অশোক মিত্র। - সংবাদচিত্র*

পুরপ্রধান অশোক মিত্র বলেন, 'আমার কাছে অবৈধ নির্মাণের অভিযোগ আসে। ঘটনাস্থলে গিয়ে পাশের নর্দমাটি মাটি দিয়ে ভরাট করা হয়েছে। তাছাড়া বিল্ডিং প্ল্যান ছাড়াই নির্মাণ চলছিল। কাজ বন্ধ রাখতে বলেছি। নর্দমা পুনরুদ্ধার করতে শুক্রবার থেকেই আমাদের কর্মীরা কাজে লেগে পড়বেন। শহরের ফুটপাথ জনগণের জন্য। দখলদারির কোনও জায়গা নেই। অবৈধ নির্মাণ ও ফুটপাথ দখলের বিরুদ্ধে আমরা কঠোর।'

পুরসভার এমন পদক্ষেপে খুশি স্থানীয়রা। তাঁদের মতে, 'এই ধরনের অবৈধ কাজের বিরুদ্ধে প্রশাসন যে দ্রুত ব্যবস্থা নিচ্ছে, তা প্রশংসনীয়। তবে ভবিষ্যতে এমন ঘটনা আটকাতে প্রশাসনের আরও সক্রিয় হওয়া উচিত।'

যদিও অভিযুক্ত শ্যামল মহন্তের দাবি, 'বাড়ির সীমানার বাইরে যাইনি। সাময়িকভাবে বাড়ির সামনে মাটি ফেলছিলাম। পরে তা বাড়ির ভেতরে ঢুকিয়ে নিতাম। ফুটপাথ দখল করার বিষয়ই নেই। বিল্ডিং প্ল্যান করতে দিয়েছি। এদিন চেয়ারম্যান কাজ বন্ধ করতে বলেছেন।'

এদিন পুরসভার এই পদক্ষেপ গোবিন্দপুরের ফুটপাথ ও পরিবেশ রক্ষায় কতটা কার্যকর হয়, সেটাই এখন দেখার বিষয়।

## বর্জ্য ব্যবস্থায় উদ্যোগ বুনিয়াদপুরে

**অনুপ মণ্ডল**

**বুনিয়াদপুর, ৫ ডিসেম্বর :** পুরসভার বিভিন্ন উন্নয়নমূলক কাজের খোঁজখবর নিতে কলকাতায় গেলেন বুনিয়াদপুর পুরসভার চেয়ারপার্সন কমল সরকার। বুধবার ও বৃহস্পতিবার তিনি কলকাতায় সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট দপ্তরে এক মিটিং-এ অংশগ্রহণ করেন। আলোচনা হয় বুনিয়াদপুরে নবনির্মিত সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্ল্যান্টের কাজের বিষয়ে। কাজটি দ্রুত সম্পন্ন করার আর্জি জানান সংশ্লিষ্ট দপ্তরে। এছাড়া অন্য দপ্তর যেমন গ্রিন সিটি মিশন, পুরসভার জন্য নতুন অ্যাম্বুল্যান্স পাওয়ার আবেদন জানান সংশ্লিষ্ট দপ্তরগুলিতে।

পাশাপাশি কলকাতায় বুনিয়াদপুরবাসীদের জন্য বুনিয়াদপুর ভবনের জমি অধিগ্রহণ বিষয়ে খোঁজখবর নেন। পুর প্রশাসন সূত্রে জানা গিয়েছে, শহরবাসীদের দীর্ঘদিনের দাবিতে ইতিপূর্বে এবিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে ভবনের জন্য জায়গা পেতে কাগজপত্র জমা করা হয়েছে। চেয়ারপার্সন জানান, 'বুনিয়াদপুর ভবনের জায়গা পাওয়ার জন্য কলকাতায় খোঁজখবর চলছে। খুব শীঘ্র ভবনের জন্য জায়গা পাওয়া যাবে। শুরু হবে ভবনের কাজ। ভবনের কাজ শেষ হলে খুব কম খরচে কলকাতায় বিভিন্ন কাজে আসা পুরবাসীরা বুনিয়াদপুর ভবনে থাকতে পারবেন।'

## দুঃস্থদের শীতবস্ত্র বিতরণ

**গঙ্গারামপুর, ৫ ডিসেম্বর :** শীতে যাতে অসহায় মানুষ কষ্ট না পায়। তা নজরে রেখে দুঃস্থদের হাতে শীতবস্ত্র তুলে দিল ফুলবাড়ি ট্রাফিক পুলিশ। শীতবস্ত্র পেয়ে কিছুটা হলেও স্বস্তির নিঃশ্বাস ছেড়েছেন অসহায় প্রৌঢ়-প্রৌঢ়া। বৃহস্পতিবার কম্বল বিলির আয়োজন করা হয় গঙ্গারামপুর থানার ফুলবাড়ি ফাঁড়ি চত্বরে। দুঃস্থদের হাতে শীতবস্ত্র তুলে দিতে হাজির হয়েছিলেন গঙ্গারামপুর মহকুমা পুলিশ আধিকারিক দীপাঞ্জন ভট্টাচার্য, ডিএসপি (ট্রাফিক) বিল্বমঙ্গল সাহা, ফুলবাড়ি হাইওয়ে ট্রাফিক ওসি প্রশান্তকুমার দাস প্রমুখ।

## বিশ্ববিদ্যালয় নিয়ে রাজ্যপালের হস্তক্ষেপ দাবি

**রায়গঞ্জ, ৫ ডিসেম্বর :** রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে চলা সাম্প্রতিক অচলাবস্থার পরিপ্রেক্ষিতে রাজভবনের হস্তক্ষেপ দাবি করল ছাত্র সংগঠন এবিভিপি। সোমবার এবিভিপির তরফে উত্তর দিনাজপুরের জেলা শাসকের মাধ্যমে রাজ্যপাল তথা বিশ্ববিদ্যালয়ের আচার্যের কাছে স্মারকলিপি প্রদান করা হয়েছে।

সোমবার দুপুরে সংগঠনের তরফে জেলা শাসকের দপ্তরে গিয়ে এই স্মারকলিপি প্রদান করা হয়। সংগঠনের রায়গঞ্জ বিশ্ববিদ্যালয় ইউনিট সভাপতি শুভ্র চাকি জানান, 'বিশ্ববিদ্যালয়ের অস্থির পরিস্থিতির জন্য ছাত্রছাত্রীরা ভুক্তভোগী হচ্ছে। তাই ছাত্রছাত্রীদের স্বার্থে অতিদ্রুত এই পরিস্থিতির সমাধান চাই। পাশাপাশি সাম্প্রতিক ক্যাগ রিপোর্টে বিশ্ববিদ্যালয়ের যে আর্থিক তছরুপ সামনে এসেছে সেই বিষয়েও উচ্চপর্যায়ের তদন্ত চাই আমরা। মূলত এই দাবিগুলি জানিয়ে রাজ্যপাল ও আচার্যের কাছে স্মারকলিপি প্রদান করা হয়েছে।'

অন্যদিকে, উপাচার্যকে ভীতি প্রদর্শন ও শারীরিকভাবে অপদস্থ করার অভিযোগ তুলে তৃণমূলের বিরুদ্ধে সরব হল এবিভিপির কেন্দ্রীয় কার্যসমিতির সদস্য শুভব্রত অধিকারী। এদিন তিনি বলেন, 'রাজবংশী সমাজের প্রতিনিধিত্বকারী উপাচার্যকে আন্দোলনের নামে হেনস্তা করা অত্যন্ত নিন্দনীয়। এই ঘটনার সঙ্গে যুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্মী তপন নাগকে ওই প্রতিষ্ঠান থেকে বহিষ্কারের দাবি জানানো হচ্ছে।'

তবে মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের সামনে এবিভিপির তরফে মানববন্ধনের কর্মসূচি নেওয়া হলেও তা বাতিল করে দেয় এবিভিপি নেতৃত্ব। কালো ব্যাজ পরিধান করে সোশ্যাল মিডিয়ায় সরব হয় তাঁরা।

## বেআইনি ল্যাবের বিরুদ্ধে অভিযান

**পুরাতন মালদা, ৫ ডিসেম্বর :** বৃহস্পতিবার পুরাতন মালদা শহরের একাধিক ওষুধের দোকানে অভিযান চালাল ড্রাগ কন্ট্রোল বিভাগ। ওষুধের দোকানগুলিতে বেআইনিভাবে ওষুধ বিক্রি হচ্ছে কিনা তা খতিয়ে দেখতেই এই অভিযান। পাশাপাশি বেআইনিভাবে ল্যাব খোলা রয়েছে কিনা সে বিষয়টিও ওষুধের দোকানে ঘুরে ঘুরে খতিয়ে দেখেছেন আধিকারিকারা।

মালদা থানার পুলিশকর্তারা উপস্থিত থেকে প্রায় চার থেকে পাঁচটি দোকানে পরপর অভিযান চালায়। স্বাভাবিকভাবে শহরে তোলপাড় পড়ে। তবে ওষুধের দোকানে বেআইনিভাবে ল্যাব চালানো যাবে না বলে স্পষ্ট জানিয়ে দিয়েছেন তাঁরা।

শহরের বিভিন্ন দোকানে বেআইনিভাবে ওষুধ বিক্রি করা হত এমন খবর ছিল ড্রাগ কন্ট্রোল বিভাগের কাছে। তাছাড়া মুড়িমুড়কির মতো ল্যাব না খুলেই রক্তের নমুনা সংগ্রহ করার অভিযোগ উঠেছে। স্বাস্থ্যদপ্তরের অনুমোদন ছাড়া এসব কারবার চলছিল। বেশ কিছু দোকানে নেশার মাদক হিসেবে ব্যবহৃত ফেনসিডিল পাওয়া যায় বলে স্থানীয় মহলের অভিযোগ।

এদিন হঠাৎ ড্রাগ কন্ট্রোল বিভাগ হানা দেওয়ায় কিছু ওষুধ বিক্রেতা শাটার বন্ধ করে পালিয়ে যান। এ'বিষয়ে আধিকারিকরা মুখ খুলতে চাননি। নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্তা বলেন, 'বেআইনি কিছু চলছে কিনা তা খতিয়ে দেখার জন্য অভিযান চালানো হয়েছে।' বেঙ্গল কেমিস্ট্রি অ্যান্ড ড্রাগিস্ট গাজোল জোনের সভাপতি অশোককুমার রায় বলেন, 'ড্রাগ কন্ট্রোল বিভাগের রুটিন অভিযান ছিল। ওষুধের মেয়াদ ঠিক আছে কিনা, বেআইনি ওষুধ বিক্রি হচ্ছে কিনা, লাইসেন্স ছাড়া ল্যাব চালানো যাবে না এসব বিষয়ে তারা খোঁজখবর এবং নির্দেশ দিয়েছেন। তবে বড় কোনও অসংগতি মেলেনি।'

### জাঁকজমকে অন্যমাত্রা বিয়েতে

# হারাচ্ছে আচার



এসেছে বিয়ের মরশুম। চারিদিকে নতুনত্বের ছোঁয়া। সময়ের সঙ্গে পাল্লা দিয়ে সেকালের বিয়ে, একালের জাঁকজমক ভরা বিয়ের কাছে অ্যালবামের স্মৃতির মতোই। কিছু সেকেলে রীতিকেই আরও একবার মনে করাতে লিখছেন **অভিষিক্তা সাহা**।

**আজ প্রথম পর্ব**



**মালদা, ৫ ডিসেম্বর :** 'ওই পাড়ার শ্যামলকাকুর মেয়ের বিয়ে। সবাই মিলে কিন্তু বিয়েটা ভালোভাবে তুলে দিতে হবে।' বিয়ের মরশুম শুরুর আগে রোয়াকে বসে পাড়ার দাদাদের এই কথাবার্তাগুলোতে আজ শ্যাওলা পড়েছে। এখন বেশির ভাগটাই যেন 'রথীনবাবু আর কী মেয়ের বিয়ে দিলেন, বিয়ে দেব তো আমার মেয়ের!' সময়ের সঙ্গে সঙ্গে বাঙালি বিয়ে এখন কোথাও যেন ক্ষমতা আর অর্থের প্রদর্শনী। হইহুল্লোড়, আলোর রোশনাই গমগম করা লজটিতে বড্ড অভাব থাকে পারস্পরিক আন্তরিকতার।

সময় বদলেছে। বদল এসেছে বাঙালির ভাবনাতেও। তাই তো বিয়ের ছোট ছোট আচারকে একেবারে রোদে শুকোতে দিয়ে তাতে জায়গা করে নিয়েছে সংগীত, মেহেন্দি, প্রি-ওয়েডিং ফোটোশুট। লাখ কথার এই অনুষ্ঠানে সবটাই যেন একেবারে নিখুঁত, ঠিক যেন ছবির দৃশ্যপট। মালদা শহরের এনএস রোডের এক গৃহবধূ মমতা ভট্টাচার্যের কথায়, 'আগে পান, সুপুরির সঙ্গে বিয়ের কার্ডে হলুদ, সিঁদুর লাগাতেই বাড়িতে বসত ছোট্ট বিয়ের আসর। গজা, নিমকি সহযোগে চলত আড্ডা। আজকাল সেসব আর কই! হোয়াটস্অ্যাপেই সারা হয়ে যায় সবটা। মনে করিয়ে দিতে সঙ্গে একটা ফোন শুধু।'

বিয়ের জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ সবেতেই এসেছে আমূল পরিবর্তন। অথচ কিছু বছর আগেও বাঙালি বাড়ির বিয়েতে উড়ে যেত রাতের ঘুম। বাড়ির এত বড় অনুষ্ঠান কীভাবে উতরানো যায়! পুরো লিস্ট বানিয়ে চলত এক এক করে কাজ সারা। পাশে পাওয়াও যেত আত্মীয়স্বজন থেকে শুরু করে পাড়ার দাদা, কাকুদের। আজ আর সেসব নিয়ে চিন্তার কোনও কারণই নেই। ফোন ঘোরালেই হাজির ইভেন্ট ম্যানেজমেন্ট সংস্থা। আপনি কী চাইছেন সেটুকু শুধু বলে দিলেই হল। সঠিক সময়ে সাজানো থালায় হাজির হয়ে যাবে সবটা।

বিয়ের এক-দুদিন আগে থেকেই বাড়িতে শুরু হত তোড়জোড়। রান্নার ঠাকুরকে বলে দেওয়া হত এই কদিনের মেনু। সঙ্গে টুকটাক চেখেও দেখা হত কোন রান্না কেমন হচ্ছে। সেইসময় কেটারিং! নৈব নৈব চ! কিন্তু আজকাল জায়গা, লোকবলের অভাবে কেটারিং আর লজ জাস্ট পারফেক্ট ফিট। আর তাছাড়াও ঠাকুরের ওই সীমিত বাঙালি রান্নার কাছে কেটারিং-এর চাইনিজ, মোগলাই, কন্টিনেন্টালকে সাদরে আমন্ত্রণ। পুরোনো সেই মাটির থালা, গ্লাস আজকাল এস্থেটিক মশাই! খানিক বাজেট বাড়াও!

মালদা শহরের একটি কেটারিং সংস্থার কর্ণধার বলেন, 'কিছু বছর আগেও ভোজের রান্নায় বাঙালিয়ানার বিষয়টি ছিল। তবে আজকাল রান্নায় যত ভ্যারাইটি রাখা যায় ততই ভালো। তাই চাহিদা অনুযায়ী আমাদেরও বাইরে থেকে রাঁধুনি আনতে হয়। এই যেমন এবছরই বিরিয়ানি রান্নার জন্য হায়দরাবাদ থেকে রাঁধুনি আনতে হয়েছে।'

ডট কমের যুগে পেটে টান পড়েছে ঘটকদেরও। জুতো চুরির রেওয়াজটা থাকলেও হারাচ্ছে ঘটক বিদায়, নাপিতের ছড়া, ঘর ধরা, বাটা চুরির মতো ছোট ছোট রেওয়াজগুলি। গায়ে হলুদও যৎসামান্য। পার্লারের মুয়া'র বারণ রয়েছে। আজকাল আর পাড়ার কাকিমাদের দিয়ে কলকা, চুল কেউ বাঁধে নাকি। ফোটোগ্রাফার দাদাকে বলে দেওয়া হয়েছে এই ফটোগুলো কিন্তু চাই-ই-চাই। সেই প্রি-ওয়েডিং থেকে সব কটা ফটো কেমন হবে তার ছক কষে রাখা আছে। বিয়ের কনে লজ্জায় মাথা নীচু করে থাকবে! তাহলে যে ভেবে রাখা ক্যানডিড ফোটোগুলোয় আসবে না।

হ্যাঁ, ঠিকই, সকলের সুবিধের কথা ভেবে আর সময়ের সঙ্গে বিয়ের মতো গুরুত্বপূর্ণ একটি অনুষ্ঠানের এই বদলগুলো যথার্থ হলেও, পারস্পরিক সহযোগিতা আর আন্তরিকতার বিয়ে এখন শুধুই বড়দের মুখে শোনা গল্পমাত্র।

## বধূ নির্যাতনের অভিযোগ শ্বশুরের বিরুদ্ধে

**কালিয়াচক, ৫ ডিসেম্বর :** বধূ নির্যাতনের অভিযোগে শ্বশুরকে গ্রেপ্তার করল কালিয়াচক থানার পুলিশ। বুধবার ধৃতকে মালদা জেলা আদালতে পেশ করা হয়। ধৃতের নাম কামালুদ্দিন শেখ (৫২)। বাড়ি কালিয়াচকের আলিনগর গ্রামে। পুষ্প পারভিন নামে এক বধূ কালিয়াচক থানায় তাঁর স্বামী সহ শ্বশুরবাড়ির সদস্যদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন।

পুষ্প পারভিনের অভিযোগ, 'সামান্য কারণেই তাঁর স্বামী সহ শ্বশুরবাড়ির লোকজন তাঁর উপর শারীরিক ও মানসিক অত্যাচার করছে। কখনও আবার বাবার বাড়ি থেকে টাকা আনতে হবে বলে চাপ দিচ্ছে। কথা না শুনলেই সকলে মিলে মারধর করছে। সবসময় অশান্তি করছে। সেই কারণে কালিয়াচক থানায় লিখিত অভিযোগ দায়ের করেছি।'

মঙ্গলবার রাতে কালিয়াচক থানার পুলিশ আলিনগর গ্রামে অভিযান চালিয়ে নির্যাতিতা বধূর শ্বশুর কামালুদ্দিন শেখকে গ্রেপ্তার করে। যদিও বাকি অভিযুক্তরা পলাতক।

কালিয়াচক থানার আইসি সুমন রায় চৌধুরী বলেন, 'বধূ নির্যাতনের অভিযোগে একজনকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতকে মালদা জেলা আদালতে পেশ করা হয়েছে।'

## ইয়াবা ট্যাবলেট উদ্ধার, ধৃত ২

**কালিয়াচক, ৫ ডিসেম্বর :** চোরাপথে বাংলাদেশে পাচার করার আগেই লক্ষাধিক টাকার ইয়াবা ট্যাবলেট সহ দুইজনকে গ্রেপ্তার করল কালিয়াচক থানার পুলিশ। ধৃতদের ১০ দিনের পুলিশি হেপাজত চেয়ে বৃহস্পতিবার মালদা জেলা আদালতে পেশ করা হয়। ধৃতদের নাম জিয়েম হাসান (৩৩) ও অসীম শেখ (৩০)। জিয়েমের বাড়ি কালিয়াচকের সাদরিটোলা গ্রামে। অসীমের বাড়ি কালিয়াচকের শাহবাজপুর গ্রামে।

গোপন সূত্রে খবর পেয়ে কালিয়াচকের গোলাপগঞ্জ ফাঁড়ির পুলিশ গোলাপগঞ্জ পঞ্চায়েতের নলদাহাড়ী এলাকায় হানা দিয়ে বাইক সহ দুইজনকে আটক করে। তাঁদের তল্লাশি চালিয়ে দুটি প্যাকেট উদ্ধার করা হয়। ওই প্যাকেট থেকে ১১ হাজার ৬২০ পিস ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করা হয়। যার আনুমানিক বাজার মূল্য প্রায় ৫ লক্ষ টাকা। তারপরেই দুইজনকে গ্রেপ্তার করে কালিয়াচক থানায় নিয়ে আসা হয়। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে বৃহস্পতিবার মালদা জেলা আদালতে পেশ করা হয়। মাদকচক্রের সঙ্গে যুক্ত অভিযুক্তদের খোঁজে তল্লাশি অভিযান চালাচ্ছে পুলিশ।

## কাফ সিরাপ আটক

**গঙ্গারামপুর, ৫ ডিসেম্বর :** বাংলাদেশে পাচারের আগেই নিষিদ্ধ কাফ সিরাপ উদ্ধারের পাশাপাশি এক তরুণকে গ্রেপ্তার করে পুলিশের হাতে তুলে দিল সীমান্তবর্তী জওয়ানরা। ধৃতের নাম আয়নাল মিয়াঁ (৩৫)। বাড়ি গঙ্গারামপুর থানার বাসুরিয়া ডালপাড়া এলাকায়। বৃহস্পতিবার ধৃতকে বালুরঘাট জেলা আদালতে তোলা হয়।

বুধবার সন্ধ্যায় গঙ্গারামপুর থানার ভাদ্রা বিওপির দিঘিশাল এলাকায় সীমান্তবর্তী জওয়ানরা আয়নালকে ধরে ফেলে তল্লাশি শুরু করে। তাঁর কাছ থেকে ১২৪ বোতল নিষিদ্ধ কাফ সিরাপ উদ্ধার হয়। রাতেই আয়নালকে গ্রেপ্তার করে গঙ্গারামপুর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

# ৬ জমি মাফিয়াকে বেঁধে শাস্তি গ্রামবাসীর

**পুরাতন মালদা, ৫ ডিসেম্বর :** বিতর্কিত জমি কিনতে গিয়ে বিপদে পড়লেন ছয় জমি মাফিয়া। তাঁদের বেঁধে রেখে তুমুল বিক্ষোভ দেখাতে থাকেন গ্রামবাসী। মাঠ বিক্রি রুখতে এককাট্টা হয়ে যান গ্রামবাসী। খবর পেয়ে ওই ছয় ব্যক্তিতে উদ্ধারে গিয়ে নাকাল হতে হয় পুলিশকে। এমনিই ঘটনায় বুধবার বিকেলে পুরাতন মালদার ব্লকের ভাবুক অঞ্চলের পূর্ববাঞ্ছাপাড়া উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরে কোনওরকমে বিক্ষোভ সামাল দিয়ে আটকদের উদ্ধার করে নিয়ে যায় পুলিশ।

পুরাতন মালদার ভাবুক পঞ্চায়েতের পূর্ব বাঞ্ছাপাড়া এলাকায় প্রায় পাঁচ একর নয় শতক আকারের এই মাঠ ঘিরেই বিবাদের সূত্রপাত। গ্রামবাসীদের দাবি, এলাকায় এই খেলার মাঠ রেকর্ডে গো চর বলে উল্লেখ রয়েছে। গো চর কথার অর্থ হলো যেখানে গোরু চলাচল করে। পাশাপাশি এই জমি খেলার মাঠ এবং স্থানীয় মানুষের বিভিন্ন প্রয়োজনে ব্যবহার হয়। কিন্তু, বেশ কিছুদিন ধরেই একশ্রেণির জমি মাফিয়ারা এই জমির রেকর্ড বদলে, নিজেদের নামে করে মাঠ দখলের চেষ্টা করছে। মাঠ দখল বা বিক্রি করতে দেবেন না বলেও হুঁশিয়ারি দেন গ্রামবাসী। যদিও অভিযুক্তরা জানান, জমি নিয়ে সমস্যা রয়েছে তা জানা ছিল না। দালাল মারফত জমি দেখতে এসে বিপদে পড়েন তাঁরা।

টাকার জন্য চাপ দেওয়ার অভিযোগ স্ত্রীর বিরুদ্ধে

# শোয়ার ঘরে স্বামীর রহস্যমৃত্যু

রূপক সরকার



**বালুরঘাট, ৫ ডিসেম্বর :** সাংসারিক অশান্তি। টাকার জন্য লাগাতার চাপ দিতেন স্ত্রী। স্বামীকে মারধর করে সব টাকা কেড়ে নেওয়ার ঘটনাও ঘটেছে। এরপরেই বৃহস্পতিবার সকালে বাড়ি থেকে স্বামীর ঝুলন্ত দেহ উদ্ধার করলেন পরিবারের সদস্যরা। এমনই অভিযোগ দায়ের করা হল বালুরঘাট থানায়। এদিন ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছড়াল বালুরঘাট পুরসভার ৬ নম্বর ওয়ার্ডের উত্তমাশা এলাকায়। মৃতের নাম সুশান্ত সাহা (৩৮)। তিনি পেশায় ডেকোরেটর কর্মী ছিলেন। মাঝেমধ্যে ভিনরাজ্যেও কাজ করতেন।

প্রায় ২১ বছর আগে চকভৃগুতে দেখাশোনা করে বিয়ে হয় সুশান্ত ও রুম্পা সাহার। তাঁদের একটি মেয়েও রয়েছে। পরিবারের দাবি, ১১ বছর ধরে স্বামী -স্ত্রীর সম্পর্ক ভালো যাচ্ছিল না। তারপর থেকে মেয়েকে নিয়ে রুম্পা চকভৃগু এলাকায় ভাড়া থাকতেন। বাড়িতে একাই থাকতেন স্বামী।

পরিবারের দাবি, তাঁদের মধ্যে বিবাহবিচ্ছেদ হয়নি। তবে তাঁরা একসঙ্গে থাকতেন না। এদিকে স্বামীকে টাকার জন্য চাপ দিতেন রুম্পা। টাকা না দিলে পরে স্বামীকে মারধরও করতেন। এদিকে স্ত্রীর চাহিদা মেটানোর জন্য মাঝেমধ্যে ভিনরাজ্যে কাজ করতে যেতেন সুশান্ত। দিন দুয়েক আগেও স্ত্রী এসে তাঁর কাছ থেকে টাকা নিয়ে যান। চাহিদামতো টাকা দিতে না পারায় সুশান্তকে মারধরও করা হয়। ঘটনা জানাজানি হতেই মানসিকভাবে ভেঙে পড়েন সুশান্ত। এরপর বুধবার গভীর রাতে নিজের বাড়িতে গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হন তিনি। বৃহস্পতিবার সকালে ঘরের দরজা না খোলায় আত্মীয়রা দরজা ভেঙে ফেলেন। তারপর রান্নাঘর থেকে তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার করা হয়।

মৃতের কাকা বিশ্বজিৎ সাহার শোক, 'ভাইপোকে শান্তি পেতে দেয়নি তার স্ত্রী। বিয়ের পর থেকেই ঝামেলা চলছিল। ভাইপোর কাছ থেকে শুধু টাকা নিত। সেটাই ছিল সম্পর্ক। দুদিন আগেও ভাইপোকে মারধর করে সব টাকা নিয়ে নেয়। মানসিক অবসাদে সে আত্মহত্যা করেছে। আজ সকালে দরজা না খোলায় আমি অনেক ডাকাডাকি করি। তারপরও সাড়া দেয়নি। দরজা ভেঙে ভিতরে ঢুকে দেখি, ও গলায় ফাঁস দিয়েছে। আমরা থানায় অভিযোগ করেছি। ওর স্ত্রীর চরম শাস্তি চাই।'

> ভাইপোকে শান্তি পেতে দেয়নি তার স্ত্রী। বিয়ের পর থেকেই ঝামেলা চলছিল। ভাইপোর কাছ থেকে শুধু টাকা নিত। সেটাই ছিল সম্পর্ক। দু'দিন আগেও ভাইপোকে মারধর করে সব টাকা নিয়ে নেয়। মানসিক অবসাদে সে আত্মহত্যা করেছে। আজ সকালে দরজা না খোলায় আমি অনেক ডাকাডাকি করি। তারপরও সাড়া দেয়নি। দরজা ভেঙে ভিতরে ঢুকে দেখি, ও গলায় ফাঁস দিয়েছে। আমরা থানায় অভিযোগ করেছি। ওর স্ত্রীর চরম শাস্তি চাই।
>
> **বিশ্বজিৎ সাহা, মৃতের কাকা**

একই মন্তব্য করেছেন সুশান্তের দাদা দেবাশিস দাস। তাঁর ক্ষোভ, 'স্ত্রীর জন্য ভাই আজ নিজেকে শেষ করে দিল। আমরা রুম্পার নামে অভিযোগ করেছি। পুলিশের কাছে আবেদন, পুরো ঘটনা খতিয়ে দেখে যেন উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়।' যদিও এনিয়ে স্ত্রীর কোনও মন্তব্য পাওয়া যায়নি। অন্যদিকে, ডিএসপি হেড কোয়ার্টার বিক্রম প্রসাদ বলেন, 'এনিয়ে অভিযোগ দায়ের হয়েছে। পুরো ঘটনা খতিয়ে দেখা হচ্ছে।'

# 'বিডিও অফিসে চাকরির জন্য যোগাযোগ করুন'

**বালুরঘাট, ৫ ডিসেম্বর :** 'বালুরঘাট ব্লক অফিসে দুটো শূন্যপদ রয়েছে। সেখানে নিয়োগ করা হবে। আপনার পরিচিত কাউকে নিয়োগ করতে চাইলে দ্রুত যোগাযোগ করুন।' ফোনের ওপার থেকে এই কথাগুলি যিনি বললেন, তিনি নিজের পরিচয় দিচ্ছেন বালুরঘাট ব্লকের জয়েন্ট বিডিও হিসেবে। শ্রোতা ডাঙ্গার পঞ্চায়েত প্রধান।

তবে চাকরির লোভ প্রধান ম্যাডামের উপস্থিত বুদ্ধিকে ছাপিয়ে যায়নি। তিনি অন্তত নিজের ব্লকের জয়েন্ট বিডিও সাহেবের কণ্ঠস্বর চিনতে পেরেছিলেন। তবে বালুরঘাট থানায় এই ফোনের বিষয়ে অভিযোগ করতে গিয়ে তিনি জানতে পারেন, শুধু ডাঙ্গা নয় বালুরঘাটের একাধিক পঞ্চায়েত প্রধানকেই এই টোপের মাছ বানানোর চেষ্টা করেছেন ফোনতুতো 'জয়েন্ট বিডিও' সাহেব।

ডাঙ্গা, নাজিরপুর, বোয়ালদার ও ভাটপাড়া সহ ১১টি গ্রাম পঞ্চায়েতের প্রধান, উপপ্রধানদের ফোন করে একইভাবে প্রতারণার চেষ্টা করা হয়েছে। খুব সাধারণভাবেই

**প্রতারণার জালে ১১ পঞ্চায়েত প্রধান**

অনুমান, চাকরি দেওয়ার নাম করে টাকা হাতানোর পরিকল্পনা ছিল প্রতারণাচক্রের। ছিপ অবশ্য একটিই। ওই একটি নম্বর থেকেই সকলকে ফোন করা হয়েছে এবং অবশ্যম্ভাবীভাবে সেই নম্বরে 'এখন যোগাযোগ করা যাচ্ছে না'।

ডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের প্রধান আলপনা বর্মন প্রতারিত হওয়ার হাত থেকে বেঁচে গর্বের সঙ্গে জানান, 'আমি স্যারের গলা চিনি। যিনি ফোন করেছিলেন তার গলা অপরিচিত লাগে। আজ সরাসরি বিডিও স্যারকে সবটা জানাই। বুধবার বিকেলে আমাকে ফোন করা হয়। তখন আমি হাসপাতালে ছিলাম। আমাকে ফোন করে বলা হয় ব্লক অফিস থেকে জয়েন্ট স্যর বলছেন। বলা হয় দুটি শূন্যপদ রয়েছে। যেভাবে সকলকে ফোন করা হয়েছে মনে হচ্ছে এটা একটা চক্রান্ত।'

তবে আশ্বাসের বাণী শুনিয়েছেন বালুরঘাটের বিডিও সম্বল ঝা। তিনি জানান, 'আমাদের অফিসে কোনও শূন্যপদ নেই। আমাদের প্রধানরা যথেষ্ট বুদ্ধিমত্তার সঙ্গে বিষয়টি ধরে ফেলেছেন। তাঁরা বালুরঘাট থানার দ্বারস্থ হয়েছেন।' ডিএসপি হেডকোয়ার্টার বিক্রম প্রসাদের বক্তব্য, 'গুরুত্ব সহকারে অভিযোগটি খতিয়ে দেখা হচ্ছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে।'

ভিনরাজ্যে হেনস্তা মালদা-মুর্শিদাবাদের শ্রমিকদের

# অধ্যক্ষের দ্বারস্থ ইশা

নবনীতা মণ্ডল

**নয়াদিল্লি, ৫ ডিসেম্বর :** মালদা-মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকদের ভিন রাজ্যে হেনস্তা করা হচ্ছে বলে অভিযোগ দক্ষিণ মালদার কংগ্রেস সাংসদ ইশা খান চৌধুরীর। বিষয়টি নিয়ে এবার তিনি লোকসভার স্পিকার ওম বিড়লার দ্বারস্থ হতে চলেছেন। এব্যাপারে তিনি স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা'র হস্তক্ষেপও দাবি করেছেন। ইতিমধ্যেই তিনি বিরোধী দলনেতা ও দলীয় সাংসদ রাহুল গান্ধিকেও এই বিষয়ে চিঠি লিখেছেন।

বৃহস্পতিবার ইশা খান চৌধুরী বলেন, দক্ষিণ মালদা এবং মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকরা দেশের যে কোনও রাজ্যে কাজে গেলে নিরাপত্তার অভাব বোধ করছেন। শুধু তাই নয়, বাংলার বাইরে বিভিন্ন রাজ্যে তাঁরা চূড়ান্ত হেনস্তার সম্মুখীন হচ্ছেন। বিষয়টি নিয়ে লোকসভায় একাধিকবার সরব হতে চাইলেও তাঁকে সেই সুযোগ দেওয়া হয়নি বলে তাঁর অভিযোগ। দক্ষিণ মালদার কংগ্রেস সাংসদ এদিন আরও বলেন,এই মুহূর্তে বাংলাদেশের টালমাটাল পরিস্থিতিতে মালদা এবং মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকরা রাজ্যের বাইরে যেখানেই কাজে যাচ্ছেন, সেখানেই বাংলাদেশি



অনুপ্রবেশকারী সন্দেহে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে তাঁদের।

সাংবাদিকদের সামনে ইশা বলেছেন, 'এই মুহূর্তে এটি একটি জাতীয় স্বার্থের বিষয়। অথচ লোকসভায় বিষয়টি নিয়ে আমাকে বলার সুযোগ দেওয়া হচ্ছে না। আমার লোকসভা কেন্দ্রের বিভিন্ন পরিযায়ী শ্রমিক, হকাররা ওডিশা, রাজস্থান বা উত্তরপ্রদেশে কাজের স্বার্থে গিয়ে শারীরিক নির্যাতনের শিকার হচ্ছেন।' তিনি অভিযোগ করেন, 'ভারতীয় নাগরিকের পরিচয়পত্র থাকা সত্ত্বেও এই সমস্ত রাজ্যের সাধারণ মানুষ তাঁদের বাংলাদেশি অনুপ্রবেশকারী সন্দেহে হেনস্তা করছে এবং মারধর করছে।' তিনি দাবি করেন, পুলিশ বা স্থানীয় প্রশাসন সবকিছু জেনেও এই বিষয়ে কোনও ব্যবস্থা নেয়নি। দক্ষিণ মালদার কংগ্রেস সাংসদ আরও বলেন, 'বিষয়টি জাতীয় ইস্যু নয়, এই যুক্তিতে আমাকে লোকসভায় এনিয়ে বলতে দেওয়া হচ্ছে না।'

## ফর্ম ফিলআপের মূল্য অতিরিক্ত ২০০ টাকা

**বৈষ্ণবনগর, ৫ ডিসেম্বর :** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের ফর্ম ফিলআপ করতে নেওয়া হচ্ছে অতিরিক্ত টাকা। এমনই অভিযোগ উঠেছে একটি সরকারি স্কুলের বিরুদ্ধে। পড়ুয়াদের থেকে ফর্ম ফিলআপের জন্য ২০০ টাকা করে বাড়তি নেওয়া হচ্ছে বলে অভিযোগ উঠেছে লক্ষ্মীপুর হাইস্কুলের বিরুদ্ধে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের অভিযোগ, ফর্ম ফিলআপের জন্য তাঁদের ২০০ টাকা করে অতিরিক্ত দিতে হচ্ছে। মূলত, উচ্চমাধ্যমিকের ফর্ম ফিলআপ করতে ২০০ টাকা লাগার কথা পড়ুয়াদের। কিন্তু এই বিদ্যালয়ের পরীক্ষার্থীদের কাছে নেওয়া হচ্ছে ৪০০ টাকা। এই ঘটনায় ইতিমধ্যেই পড়ুয়াদের মনে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

অন্যদিকে, বিদ্যালয়ের টিচার ইনচার্জ সুশান্ত সরকার এই বিষয়ে জানিয়েছেন, 'বিষয়টা আলোচনা করেই ঠিক হয়েছিল। মেইন সেন্টার থেকেই অতিরিক্ত টাকা নেওয়া হচ্ছে। যদি কোনও পড়ুয়ার আর্থিক সমস্যা থাকে, তাহলে লিখিতভাবে আবেদন জানালে বিষয়টি নিয়ে বিবেচনা করে দেখা হবে।'

## চোলাই সহ গ্রেপ্তার ২

**রায়গঞ্জ, ৫ ডিসেম্বর :** বৃহস্পতিবার ৩০ লিটার চোলাই মদ সহ দুইজনকে গ্রেপ্তার করল রায়গঞ্জ আবগারি দপ্তর। ধৃতদের নাম নারায়ণ হরিজন (৪০)। বাড়ি রায়গঞ্জ থানার অর্থ গ্রামে। অপরজনের নাম সনৎ বর্মন (৩৬)। বাড়ি রায়গঞ্জ থানার লক্ষণীয় গ্রামে। ধৃতদের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতা আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করেছে আবগারি দপ্তর। এদিন ধৃতদের রায়গঞ্জ মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হলে বিচারক শর্তসাপেক্ষে জামিন দেন।

পুলিশসূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার সকালে গোপন সূত্রে খবর পেয়ে আবগারি দপ্তরের পুলিশ হানা দিলে ৩০ লিটার চোলাই মদ সহ দুজনকে গ্রেপ্তার করা হয়।

## নারায়ণ স্মরণে

**বালুরঘাট ও গঙ্গারামপুর, ৫ ডিসেম্বর :** সিপিএমের জেলা সম্পাদক তথা প্রাক্তন মন্ত্রী নারায়ণ বিশ্বাসের প্রথম মৃত্যুবার্ষিকী বৃহস্পতিবার বালুরঘাটে সিপিএমের জেলা কার্যালয়ে পালিত হল। এদিন গঙ্গারামপুর গ্রামোদ্যোগ সমিতির তরফেও প্রয়াত নেতার মৃত্যুবার্ষিকী পালন করা হয়।

# বিডিওকে তালাবন্দি করে রাখার হুঁশিয়ারি

**রায়গঞ্জ, ৫ ডিসেম্বর :** 'আবাস যোজনায় যোগ্যদের যদি ঘর না দেওয়া হয় তাহলে বিডিওকে তালাবন্দি করে রাখা হবে।' আবাস যোজনার ঘর বণ্টনে দুর্নীতির অভিযোগ তুলে খানিকটা এরকমই হুঁশিইয়ারি দিল বিজেপি। বৃহস্পতিবার দুপুরে আবাস যোজনায় দুর্নীতির অভিযোগ তুলে শতাধিক কর্মী-সমর্থকদের নিয়ে পথে নামে বিজেপি। সংগঠনের তরফে রায়গঞ্জে বিডিও অফিস ঘেরাও করা হয়। রাজ্য সরকার সহ প্রশাসনের বিরুদ্ধে ব্যাপক ক্ষোভ উগড়ে দেন বিজেপি নেতৃত্ব। এদিন বিজেপির এক প্রতিনিধি দল অফিসের ভিতরে স্মারকলিপিও জমা দিতে যান।

দলের জেলা সভাপতি বাসুদেব সরকার বলেন, 'প্রকৃত ও যোগ্য ঘরপ্রাপকদের সঙ্গে নিয়ে আমরা বিডিও অফিসে এসেছি। তৃণমূলের লোকদের নোডাল অফিসার হিসেবে নিয়োগ করে যোগ্যদের ঘর পাওয়া থেকে বঞ্চিত করা হয়েছে। সেই তালিকা ও তথ্য তুলে দিতে আমরা আজ বিডিও অফিসে এসেছিলাম। আমাদের প্রতিনিধিদল বিডিওর সঙ্গে দেখা করতে গেলেও বিডিও কার্যত পালিয়ে গিয়েছেন।'

# ব্রাউন সুগার সহ ধৃত ১

**হেমতাবাদ, ৫ ডিসেম্বর :** বৃহস্পতিবার সকালে লক্ষাধিক টাকার ব্রাউন সুগার সহ এক দুষ্কৃতীকে গ্রেপ্তার করল গোয়ালপোখর থানার পুলিশ। ধৃতের নাম নাজমুল হক (৩০)। বাড়ি গোয়ালপোখর থানার পাঞ্জিপারায়। পাশাপাশি ব্রাউন সুগার পাচারের অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করেছে ইসলামপুর থানার পুলিশ। ধৃতদের নাম মহম্মদ শাহানাজ, বাবলু আলম, মহম্মদ রজ্জাক। তাদের বাড়ি চোপড়া থানার সোনাপুর সংলগ্ন ধামিগছ গ্রামে। তাদের কাছ থেকে পাওয়া গিয়েছে ৮৩ গ্রাম ব্রাউন সুগার।

পুলিশ সুপার মহম্মদ সানা আক্তার বলেন, 'মাদকবিরোধী অভিযান চলছে। অভিযুক্তদের গ্রেপ্তার করা হচ্ছে। কাউকে রেয়াত করা হবে না। বিষয়টি নিয়ে জেলা পুলিশের ক্রাইম ব্রাঞ্চ তদন্ত করছে।' পূর্ণিয়া মোড় ১২ ও ২৭ নম্বর জাতীয় সড়কের সংযোগস্থল। সেই সঙ্গে বিহারের সীমানাও। সেখান থেকে ২৭ নম্বর জাতীয় সড়ক ধরে ২৫ কিলোমিটার উত্তরে বিহারের কিশানগঞ্জ, মাদক কারবারের চিকেন নেক হিসেবে পরিচিত।

# মহিলাদের মিছিল

*প্রথম পাতার পর*

পথে নামেন। একইভাবে কুশমণ্ডির উদয়পুর পঞ্চায়েতের সরাইপুরের মহিলারাও পথে নামলেন বাল্যবিবাহ মুক্ত গ্রাম তৈরির অঙ্গীকার নিয়ে। পাড়ায় ঘুরে ঘুরে বাল্যবিবাহের কুফল জানালেন মহিলারাই।

একটি আলোচনা শিবিরে অংশ নিয়ে জেলার শক্তি বাহিনীর কোঅর্ডিনেটর মিজানুর রহমান বলেন, 'জেলাজুড়ে এই প্রোগ্রাম শুরু হয়েছে। কোথাও রাতে, কোথাও দিনে বাল্যবিবাহ মুক্ত গ্রাম তৈরি করতে জোট বেঁধেছেন মহিলারা।' মঙ্গল ও বুধবার পর পর দুইদিন এমনই কর্মসূচি পালন করা হল হরিরামপুর ও কুশমণ্ডিতে।

পথে নেমেছেন খারুয়ার আঞ্জুয়ারা খাতুন। তাঁর কথায়, 'অনেক সময় স্বাস্থ্য ভালো হলে বাবা-মা মেয়ের বিয়ে দিয়ে দিচ্ছেন। আর এই অলিখিত নিয়ম বহু পুরোনো। তাই মানুষের বুঝতে সময় লাগছে।' একই বক্তব্য মালতীবালা সরকারেরও।

মেয়েদের বাঁচাতে বদ্ধপরিকর কুশমণ্ডির উদয়পুর পঞ্চায়েতের সরাইপুর গ্রামের আলো রায়, নমিতা রায়রা। আলোর মত, 'বাল্যবিবাহ বন্ধ করতে পঞ্চায়েতকে আরও জোরদার হতে হবে।' সুর মিলিয়েছেন নমিতাও। তাঁর কথায়, 'সরকার এমন নিয়ম করুক, যাতে প্রধানের সই ছাড়া বিয়ে না হয়। পাশাপাশি, নাবালক- নাবালিকার বিয়ে প্রশাসনের কাছে ধরা পড়লে উপযুক্ত শাস্তি দিতে হবে।' কুশমণ্ডির বিডিও নয়না দে জানিয়েছেন, 'বাল্যবিবাহ বন্ধের জন্য প্রশাসনের তরফে লাগাতার প্রচার চালানো হচ্ছে। কড়া পদক্ষেপও করা হয়েছে।' কুশমণ্ডি থানার আইসি তরুণ সাহার বক্তব্য, 'স্কুলগুলিতে লাগাতার প্রচার করা হচ্ছে।' মহিলাদের অভিনব পদক্ষেপকে স্বাগত জানিয়েছেন মিজানুর রহমান। তাঁর মন্তব্য, 'বাল্যবিবাহ বন্ধে মহিলারা এগিয়ে এলে সুফল পাওয়া যাবে হাতে হাতে।' প্রশাসন যত কড়া পদক্ষেপই করুক, বাল্যবিবাহ এখনও সমাজ থেকে সম্পূর্ণভাবে দূর হয়নি। প্রশাসন ও বেসরকারি সংস্থার উদ্যোগ তো রয়েছেই, মহিলাদের উদ্যোগ এক্ষেত্রে কতটা সফল হয়, সেদিকেই তাকিয়ে এই দুই ব্লক।

## গাড়ির ধাক্কায় মৃত্যু বৃদ্ধার

**রায়গঞ্জ, ৫ ডিসেম্বর :** বাজার করে বাড়ি ফেরার পথে ছোট গাড়ির ধাক্কায় মৃত্যু হল এক বৃদ্ধার। বৃহস্পতিবার বিকেলে ওই বৃদ্ধার মৃতদেহ ময়নাতদন্তের পর পরিবারের হাতে তুলে দেয় রায়গঞ্জ থানার পুলিশ। মৃত ওই বৃদ্ধার নাম সন্ধ্যা বর্মন (৫৯)। বাড়ি রায়গঞ্জ থানার রামপুর পঞ্চায়েতের লক্ষণীয়া গ্রামে।

পুলিশ ও পরিবার সূত্রে জানা গিয়েছে, বুধবার সন্ধ্যায় বাজার করে বাড়ি ফেরার পথে ছোট গাড়ির ধাক্কায় গুরুতর জখম হয় ওই বৃদ্ধা। স্থানীয় বাসিন্দারা ওই বৃদ্ধাকে উদ্ধার করে মহারাজা হাট গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে তাঁর অবস্থা আশঙ্কাজনক হওয়ায় রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে রেফার করে কর্তব্যরত চিকিৎসক। সেখানে জরুরি বিভাগের চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## ভূতনির গ্রাম

*প্রথম পাতার পর*

এই অবস্থায় ভিটেমাটি হারিয়ে পরিবার নিয়ে কোথায় আশ্রয় নিবে, তা নিয়ে চরম দুশ্চিন্তায় এলাকাবাসী। সরকারের কাছে তাঁদের আবেদন পুনর্বাসনের। তবে শুধু দুশ্চিন্তা নয়, সেচ দপ্তরের কর্মকাণ্ডে ক্ষোভ বাড়ছে জনমানবে।

প্রাক্তন পঞ্চায়েত সদস্য বীরবল মাহাতোর কথায়, 'আমাদের গ্রাম বাঁধহীন অবস্থায় আছে। আগামী কয়েক বছরের মধ্যে ভাঙনে এই গ্রামের কোনও অস্তিত্ব থাকবে না। আমাদের আর কোনও ভিটেমাটি নেই। আমরা চাই, সরকার আমাদের কোনও নিরাপদ এলাকায় পুনর্বাসনের ব্যবস্থা করুক।'

তবে মানিকচকের বিডিও অনুপ চক্রবর্তীর বক্তব্য, 'নতুন রিংবাঁধের বাইরে অসংরক্ষিত কালুটোনটোলা এলাকায় যতগুলি পরিবার থেকে যাবেন, তাঁদের জন্য পাট্টার মাধ্যমে জমি প্রদান করা হবে এবং তাঁদের পুনর্বাসনের উদ্যোগ গ্রহণ করা হবে।'

উল্লেখ্য, ইতিমধ্যেই ভূতনির অসংরক্ষিত এলাকার প্রায় কুড়িটিরও বেশি গ্রাম গঙ্গাগর্ভে তলিয়ে গিয়েছে। বিশেষত, হীরানন্দপুর অঞ্চল ও উত্তর চণ্ডীপুরের বেশ কয়েকটি গ্রামের অস্তিত্ব মুছে গিয়েছে ভাঙনে। গত বছরের ভাঙনে কেশরপুর ও কালুটোনটোলার একাংশ তলিয়ে গিয়েছে গঙ্গাগর্ভে। বর্তমানে প্রায় ৪০টি পরিবার ভিটেমাটি হারাতে বসেছে।

# সেনা পাঠানোর নিদান

*প্রথম পাতার পর*

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ওঁর দেশের জন্য শান্তিরক্ষা বাহিনী চাইতে গিয়ে ভুল করে বাংলাদেশ বলে ফেলেছেন।'

বস্তুত, ৫ অগাস্টের পালাবদলের পর থেকে বাংলাদেশজুড়ে যে অরাজকতা এবং হিন্দু সংখ্যালঘুদের ওপর অত্যাচার শুরু হয়েছে, তা এখনও পর্যন্ত থামেনি। এই পরিস্থিতির জন্য সরাসরি ইউনূসকে দায়ী করেছেন শেখ হাসিনা। সম্প্রতি এক ভার্চুয়াল বক্তৃতায় শান্তিতে নোবেলজয়ী ইউনূসকে বাংলাদেশে গণহত্যার নায়ক বলে আক্রমণও করেন তিনি। ভারতের নিরাপদ আশ্রয়ে থেকে হাসিনার এই কর্মকাণ্ড ও প্রচার গোড়া থেকেই চক্ষুশূল ইউনূস সরকারের। এদিন ট্রাইবিউনাল আওয়ামি লিগ সভানেত্রীর বক্তব্য প্রচারের ওপর নিষেধাজ্ঞা জারির পর আইনজীবী গাজি মোনাওয়ার হুসেন বলেন, 'আমাদের আবেদন ট্রাইবিউনাল শুনেছে এবং মঞ্জুর করেছে। ভবিষ্যতে যেন শেখ হাসিনার কোনও ধরনের বিদ্বেষমূলক বক্তব্য সম্প্রচার বা প্রকাশ করা না হয়, সেই নির্দেশও দিয়েছে। আমরা আবেদনটি করেছিলাম একজন আসামির উসকানিমূলক বক্তব্যের বিষয়ে। তিনি হলেন শেখ হাসিনা। সামাজিক মাধ্যমগুলির কর্তৃপক্ষের কাছে ট্রাইবিউনালের নির্দেশ লিখিত আকারে পাঠানো হবে।'

তবে বাংলাদেশের সার্বভৌমত্ব কোনওপ্রকার হুমকিতে নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গির আলম চৌধুরী। তিনি বলেন, 'ভারতকে নিয়ে উদ্বেগের কোনও কারণ নেই। সীমান্ত স্বাভাবিক রয়েছে। তবে ভারতীয় সংবাদমাধ্যমগুলি বাংলাদেশ সম্পর্কে অপপ্রচার চালাচ্ছে। এর জবাবে বাংলাদেশের মিডিয়াকে সত্য খবর প্রকাশ করে ভারতীয় মিডিয়ার অপপ্রচারের জবাব দিতে বলা হয়েছে। তারা যা করছে, আপনারা এর প্রতিবাদ করবেন। সত্যি ঘটনা প্রকাশ করবেন। তাতেই ভারতের মুখে চুনকালি পড়বে।' তিনি বলেন, 'সীমান্তে কোনও উত্তেজনা না থাকলেও বাংলাদেশের পরিস্থিতি নিয়ে ভারত লাগাতার অপপ্রচার করছে।'

এদিকে আগরতলায় বাংলাদেশের উপহাইকমিশনে হামলার ঘটনা নিয়ে লাগাতার তোপ দাগলেও ঢাকাস্থিত ইন্দিরা গান্ধি কালচারাল সেন্টারে আক্রমণের ঘটনায় কোনও উচ্চবাচ্য করছে না ইউনূস সরকার। শেখ হাসিনার দেশত্যাগের পর ওই কালচারাল সেন্টারে হামলা চালিয়েছিল ইসলামিক কট্টরপন্থীরা। আগুন ধরিয়ে দেওয়া হয়েছিল সেখানে। কিন্তু এখনও পর্যন্ত ওই ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেয়নি ইউনূস সরকার। ২০১০ সালে দুই প্রতিবেশীর মধ্যে সাংস্কৃতিক যোগাযোগ ও আদানপ্রদানের জন্য ওই সেন্টারটি গড়ে তোলা হয়েছিল। সেখানে ২১ হাজারেরও বেশি বই নিয়ে তৈরি একটি গ্রন্থাগারও রয়েছে।

এদিকে ভারতবিরোধী সুর ক্রমশ চড়াচ্ছেন বিএনপি-র সিনিয়ার যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভি। তিনি এদিন ভারতীয় পণ্য বর্জনের হুমকি দিয়েছেন। জাতীয় প্রেস ক্লাবের সামনে তিনি নিজের স্ত্রী আরজুমান আরা বেগমকে দেওয়া ভারতীয় শাড়ি ছুড়ে ফেলে দেন। বিএনপি-র নেতাকর্মীরা তাতে আগুন লাগিয়ে দেন। ভারতীয় পণ্য বর্জন এবং দেশীয় পণ্য ব্যবহার করার স্লোগানও দেওয়া হয় সেখানে। রিজভি বলেন, 'যারা আমার দেশের পতাকাকে নামিয়ে ছিঁড়ে ফেলে, আমরা তাদের দেশের পণ্য বর্জন করব। আমাদের মা-বোন-স্ত্রী-রাও আর ভারতীয় শাড়ি কিনবেন না। ভারতের সাবান, টুথপেস্ট কিনবেন না।' রিজভির হুঁশিয়ারি, 'আমার দেশ ও আমরা স্বনির্ভর। আমাদের এখানে পেঁয়াজ হয়। ভারতের পেঁয়াজের চেয়ে আমাদের পেঁয়াজের ঝাঁঝ অনেক বেশি। ভারতের লংকার চেয়ে আমাদের লংকার ঝাল অনেক বেশি।' বৃহস্পতিবার বিকালে ধর্মীয় নেতাদের সঙ্গে একটি বৈঠকে বসেন প্রধান উপদেষ্টা। অন্যদিকে আইনজীবী সইফুল ইসলাম হত্যা মামলার আসামি চন্দন দাসকে গ্রেপ্তার করেছে পুলিশ। বৃহস্পতিবার ভোরে ভৈরব রেলস্টেশন থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

# বিহার জাগে, বাংলা শুধু ঘুমায়ে রয়

*প্রথম পাতার পর*

কি এমন জায়গা আছে, যেখানে ভিনরাজ্য থেকে কয়েক হাজার পরিযায়ী শ্রমিক প্রতিবছর আসেন একটা কাজ করতে?

মাথা চুলকোবেন অনেকেই। পালটা প্রশ্ন করবেন, এমন জায়গা উত্তরবঙ্গে আদৌ কোথায়?

উত্তরঃ অবশ্যই আছে। জায়গাটা মালদার হরিশ্চন্দ্রপুর। এখানে মাখনা চাষ, উঁহু মাখনা বিপ্লবকে কেন্দ্র করে বিহারের ১০ থেকে ১৫ হাজার লোক হরিশ্চন্দ্রপুরে আসেন মাখনা চাষের জন্য। বিহার মানে আসলে অধিকাংশই দ্বারভাঙ্গা জেলার। সেখানকার আলিনগর, বাহাদুরপুর, বেহেরা, হায়াঘাট, কেওটি, নেহেরার মতো গ্রামের লোক বছরের ৮ থেকে ১০ মাস কাটান হরিশ্চন্দ্রপুরের বিভিন্ন প্রান্তে। সপরিবার। বাচ্চারা অনেকে স্থানীয় স্কুলে পড়ে। এঁদেরকে স্থানীয়রা বলেন, মাখনার ফড়িয়া শ্রমিক। রেলস্টেশনের রাস্তার দিকে যান অথবা বারদুয়ারি বা চাঁচলের দিকে। দেখবেন, রাজ্য সড়কের পাশেই থাকার জায়গা করে ফেলেছেন। অস্বাস্থ্যকর পরিবেশেই।

অবৈজ্ঞানিকভাবে পুরো কাজ চললেও সংখ্যাতত্ত্ব চমকে দেয়। মালদায় মাখনা চাষ হয় ২৩ হাজার ৫০০ একর জমিতে। মাখনা হয় ৩২ হাজার ২৫০ মেট্রিক টন। অন্তত ২৫০ কোটি টাকার মাখনার ব্যবসা হচ্ছে। বার্ষিক টার্নওভার ৭০ কোটি ৫০ লক্ষ। অথচ মাখনার প্যাকেজিং নিয়ে কারখানা হচ্ছে অন্যত্র। মালদায় কিছু হয় না।

অনেক প্রশ্ন উঠবে পরপর। এত লোক বিহার থেকে আসে কেন? স্থানীয়দের দিয়ে এই কাজ হয় না? তা হলে তো পরিযায়ী হিসেবে স্থানীয়দের যেতে হয় না ভিনরাজ্যে।

উত্তরটি অতি সহজ। মাখনা তোলার কাজ অত্যন্ত কষ্টসাধ্য। সবাইকে দিয়ে এ কাজ হবে না। জলে নেমে ডাঁটা থেকে মাখনার ফল তুলতে হয়। সেটা খুব কঠিন। হাতের চেহারা, রংই পালটে কুচকুচে কালো হয়ে যায়। দ্বারভাঙ্গার লোকেরা এই কাজ যত ভালো করেন, অন্য কেউ তা পারে না।

এত কথা লিখছি একটা যন্ত্রণা থেকে। মালদার মাখনা চাষকে আরও আধুনিক, আরও উন্নততর করার কোনও ভাবনাই রাজ্য সরকার বা জেলা কৃষি দপ্তরের নেই। বাম আমলেও ছিল না, তৃণমূল আমলেও নেই। বিহারের দ্বারভাঙ্গা, কাটিহার, পূর্ণিয়া এলাকায় মাখনার রমরমা দেখে হরিশ্চন্দ্রপুরের বারদুয়ারির পুরুষোত্তম ভগৎ এলাকায় মাখনার চাষ শুরু করেন বছর তিরিশেক আগে। বারবার দৌড়েছেন কলকাতায়। যদি রাজ্য কিছু করে।

একটা সময় এলাকার বিধায়ক বীরেন্দ্রকৃষ্ণ মৈত্র কৃষি বিপণনমন্ত্রী ছিলেন, এখন যেমন স্থানীয় বিধায়ক তাজমুল হোসেন মন্ত্রী। তবু মাখনাকে কেন্দ্র করে নতুন শিল্পাঞ্চল হয়নি হরিশ্চন্দ্রপুরে। মাঝে শুনেছিলাম, মমতা বন্দ্যোপাধ্যায় আশ্বাস দিয়েছেন হরিশ্চন্দ্রপুরে মাখনা প্রক্রিয়াকরণ প্রশিক্ষণ কেন্দ্র হবে। মাখনাকে নিয়ে স্পেশাল ইকনমিক জোনেরও কথা উঠেছিল। হায়, সব কথাই থেকে গেল! তাজমুল অ্যান্ড কোং ব্যাপারটার গুরুত্বই বোঝেন না।

বিহার কী করল? ২০২২ সালের এপ্রিলে তারা জিআই ট্যাগ পেয়ে গেল মাখনার। সেটা পূর্ণিয়ার মিথিলাঞ্চল মাখনা উৎপাদক সংস্থার নামে। দ্বারভাঙ্গায় হল মাখনার ন্যাশনাল রিসার্চ সেন্টার। দ্বারভাঙ্গার সাংসদ গোপালজি ঠাকুর সংসদে অনেকবার মাখনার প্রসঙ্গ তুললেন। এমনও বলা হল, দ্বারভাঙ্গার তিনটি সাংস্কৃতিক ঐতিহ্য হল পুকুর, মাছ এবং মাখনা। ভাগলপুরের বিহার কৃষি বিশ্ববিদ্যালয়ের গবেষকদের কাজে লাগানো হল মাখনার জিআই ট্যাগ আনার ব্যাপারে।

মালদা, উত্তরবঙ্গ, পশ্চিমবঙ্গ শুধু ঘুমিয়ে রইল। মন্ত্রীরা, সাংসদরা, আমলারা, কৃষি গবেষকরাও।

ইন্টারনেটে যান। দেখবেন মাখনা নিয়ে চার বছর আগে একটা সিনেমা হয়েছে--মিথিলা মাখন। মৈথিলি ভাষায় প্রথম ছবি হিসেবে জাতীয় পুরস্কার পেয়েছে সেটা।

বাংলা আদৌ কিছু ভেবেছে মাখনার প্রচার ও প্রসার নিয়ে? মালদা আগে যে কারণে বিখ্যাত ছিল, সবই নষ্টের দিকে। আমবাগান কমছে। নষ্ট হচ্ছে স্বাদ। চাষে বিজ্ঞানকে ব্যবহার করা হয় না বলে আমের আকারও ছোট হচ্ছে, ফলের গায়ে বিশ্রী দাগ। রেশম, আরেক গর্বের জায়গাও ধ্বংসের পথে। এই অবস্থায় মালদার প্রশাসন মাখনা চাষকে শিল্পের পর্যায়ে নিয়ে যেতে পারত। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর চুপ করে বসে মালদার প্রশাসনের মতো। এদেরও জেগে ঘুমোনো অভ্যাস।

সবচেয়ে দুর্দশা হরিশ্চন্দ্রপুরের মন্ত্রী তাজমুল হোসেনের। কোটা সিস্টেমে মন্ত্রী হওয়ার পর তাঁর হাতে মাইক্রো, স্মল মিডিয়াম এন্টারপ্রাইজের মতো গুরুত্বপূর্ণ মন্ত্রক। মাখনা নিয়ে সেখানেই নতুন কিছু করা যেত। ভাবাই হয়নি। শুনছি, এতদিনে নাকি এক উন্নত মেশিন আসবে মাখনা তৈরির জন্য। উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রকের দায়িত্ব পেয়েও উদয়ন গুহ বা সাবিনা ইয়াসমিন বা গৌতম দেব মাখনাকে বাংলার অস্ত্র করার কথা ভাবেননি। যানইনি ওদিকে। গৌড়-আদিনার পর্যটনই অনাদরে ধুঁকছে, তো মাখনাশিল্প!

কলকাতার তুলনায় উপেক্ষা জোটে, এই আক্ষেপ শিলিগুড়ি টু কোচবিহারের লোকেদের, নেতাদের। মালদা ও দুই দিনাজপুরও সেভাবে বলতে পারে, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর শুধু শিলিগুড়ি-কোচবিহার-জলপাইগুড়ি-আলিপুরদুয়ারের কথা ভাবে। মন্ত্রক ও মন্ত্রীর কাছে মালদা, রায়গঞ্জ, বালুরঘাট অবহেলিত। মাখনাশিল্প জেলার মন্ত্রীদের কাছেও চিরউপেক্ষিত। একদিন মাখনাও হয়তো আম বা রেশমের মতো বর্ণহীন হয়ে যাবে!

